দৈনিক মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা মঙ্গলবার ॥ বর্ষ-২ সংখ্যা-২৬৭ ॥ ১৪ জানুয়ারি ২০২৫ ॥ ৩০ পৌষ ১৪৩১ বাংলা ॥ ১৩ রজব ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা

## শেখ হাসিনার যোগসাজসেই সীমান্তে কাঁটাতারের বেড়া : রিজভী



**স্টাফ রিপোর্টার :** শেখ হাসিনার যোগসাজসেই বাংলাদেশের সীমান্তের ১৬০টি জায়গায় ভারত কাঁটাতারের বেড়া দিয়েছে বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সোমবার (১৩ জানুয়ারি) সকালে এক দোয়া মাহফিলে দেওয়া বক্তব্যে এই অভিযোগ করেন তিনি। তিনি বলেন, শেখ হাসিনা ২০১০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত ভারতকে সুবিধা দিয়েছে। দুইটি স্বাধীন দেশের মধ্যে আলাপ-আলোচনার ভিত্তিতে যে কাজগুলো করা যায় সেটা না করে জোর করে ভারত কাঁটাতারের বেড়া লাগিয়েছে।



প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের সাথে সোমবার ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বাংলাদেশে মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ শুহাদা ওসমান সাক্ষাৎ করেন। -পিআইডি

# শ্রমিকদের জন্য মালয়েশিয়ার মাল্টিপল-এন্ট্রি ভিসা প্রদানের আহ্বান প্রধান উপদেষ্টার

**স্টাফ রিপোর্টার :** প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস মালয়েশিয়ার প্রতি বাংলাদেশি শ্রমিকদের জন্য মাল্টিপল-এন্ট্রি ভিসা প্রদান করার আহ্বান জানিয়েছেন, যাতে তারা প্রয়োজন অনুযায়ী সহজে দেশে ফিরতে পারেন। সোমবার (১৩ জানুয়ারি) রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ সুহাদা ওসমান প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি ২-এর পাতায় দেখুন

## পিএসসির ৬ সদস্যের নিয়োগ বাতিল

**স্টাফ রিপোর্টার :** বিতর্ক ওঠায় বাংলাদেশ সরকারি কর্মকমিশনের (পিএসসি) ছয়জন সদস্যের নিয়োগ বাতিল করা হয়েছে। সোমবার (১৩ জানুয়ারি) তাদের নিয়োগ বাতিল করে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব আবুল হায়াত মো. রফিক এ তথ্য জানিয়েছেন। এর আগে গত ২ জানুয়ারি তাদের নিয়োগ দেওয়া হয়েছিল। নিয়োগ বাতিল হওয়া সদস্যদের মধ্যে রয়েছেন- অধ্যাপক ডা. সৈয়দা শাহিনা সোবহান, সাব্বির আহমেদ চৌধুরী, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ এফ জগলুল আহমেদ, মো. মুনির হোসেন, অধ্যাপক ড. শাহনাজ সরকার ও ড. মো. মিজানুর রহমান। এরমধ্যে তিনজনের নিয়োগ নিয়ে বিতর্ক ওঠে। বলা হয়, তারা আওয়ামী লীগ সরকারের সুবিধাভোগী। তাই তাদের নিয়োগ বাতিলের দাবি তোলেন শিক্ষার্থী ও চাকরিপ্রার্থীরা। আপত্তি জানান পিএসসির কর্মকর্তারাও। গতকাল রোববার বিতর্কিত তিন সদস্যের নিয়োগ বাতিলের জন্য কর্তৃপক্ষকে ২৪ ঘণ্টার সময়ও বেঁধে দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী। পিএসসির সদস্য হিসেবে নিয়োগ পাওয়া ডা. শাহিনা সোবহানের বাবা ২-এর পাতায় দেখুন

# ফেব্রুয়ারির মধ্যে সব বই পাবে শিক্ষার্থীরা : শিক্ষা উপদেষ্টা



**স্টাফ রিপোর্টার :** ফেব্রুয়ারির মধ্যে শিক্ষার্থীরা সব পাঠ্যবই হাতে পাবে বলে জানিয়েছেন শিক্ষা ও পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ। সোমবার (১৩ জানুয়ারি) পরিকল্পনা কমিশনে শিক্ষা বিষয়ক সাংবাদিকদের সংগঠন 'এডুকেশন রিপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ইরাব)' নেতাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে তিনি এসব কথা জানান। শিক্ষা উপদেষ্টা বলেন, 'দায়িত্ব নেওয়ার পর প্রথম দিকে আমি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ নিয়ে ব্যস্ত ছিলাম। পাঠ্যবই নিয়ে কাজ করা কর্মকর্তারা বলেছিলেন সব বই নির্ধারিত সময়েই পাবে। কিন্তু শেষ দিকে দেখলাম, পাঠ্যবই হাতে পৌঁছে দিতে এখনও অনেক কাজ বাকি।' তিনি বলেন, 'প্রথম দিকে আমরা আর্ট পেপার পাচ্ছিলাম না। কাগজের সংকটও ছিল। পরে ছাত্র প্রতিনিধি, বিভিন্ন গোয়েন্দা সংস্থা ও অন্যদের সহায়তায় আর্ট পেপারের সমস্যাটা সমাধান হয়।' ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, 'কিছু আর্ট পেপার ঘাটতি আছে। আর্ট পেপার নিয়ে বিদেশ থেকে জাহাজ রওনা হয়ে গেছে। আশা করছি জানুয়ারির শেষ দিকে জাহাজ এসে পৌঁছাবে।' শিক্ষা সংস্কারে ইরাবের সহযোগিতা কামনা করেন ওয়াহিদউদ্দিন মাহমুদ। এ সময় উপস্থিত ছিলেন ইরাবের সভাপতি আকতারুজ্জামান, সাধারণ সম্পাদক সেলিম আহমেদ, সাংগঠনিক সম্পাদক মুছা মল্লিক, দফতর সম্পাদক রুম্মান তূর্য, কার্যনির্বাহী সদস্য আবদুল হাই তুহিন প্রমুখ।



## তদন্ত সাপেক্ষে টিউলিপের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন ব্রিটিশ প্রধানমন্ত্রী

**আন্তর্জাতিক ডেস্ক :** তদন্তের ফলাফলের ওপর ভিত্তি করে যুক্তরাজ্যের ক্ষমতাসীন লেবার পার্টির সিটি মিনিস্টার টিউলিপ সিদ্দিকের বিরুদ্ধে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার ব্যবস্থা নেবেন বলে জানিয়েছেন দেশটির ক্যাবিনেট মন্ত্রী পিটার কাইল। রোববার (১২ জানুয়ারি) ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। এতে বলা হয়, রোববার স্কাই নিউজের একটি অনুষ্ঠানে যোগ দেন পিটার কাইল। সেখানে তিনি বলেন, স্বাধীন তদন্তের ফলাফলের ভিত্তিতে টিউলিপ সিদ্দিকের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন দেশটির প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। এ সময় টিউলিপ তার বিরুদ্ধে ওঠা অভিযোগের সংসদীয় তদন্ত দাবি করে সঠিক কাজ করেছেন বলেও মন্তব্য করেন পিটার কাইল। তিনি বলেন, আমি মনে করি টিউলিপ ঠিকই করেছেন। তিনি নিজের বিরুদ্ধে তদন্তের জন্য আবেদন করেছেন। সেই তদন্ত চালিয়ে যেতে হবে। আপনারা জানেন, তদন্ত সাপেক্ষে কিয়ার স্টারমার অবশ্যই কর্তৃপক্ষের কথা শুনবেন। একই দিন প্রধানমন্ত্রী স্টারমার বলেন, টিউলিপ সিদ্দিক সম্পূর্ণভাবে সঠিক কাজ করেছেন এবং তার ওপর আমার আস্থা রয়েছে। এদিকে যুক্তরাজ্যের কনজারভেটিভ নেতা কেমি বাডেনচ প্রধানমন্ত্রী স্টারমারের বিরুদ্ধে অভিযোগ জানিয়ে বলেছেন, তিনি তার ব্যক্তিগত বন্ধুকে দুর্নীতিবিরোধী মন্ত্রী হিসেবে নিয়োগ দিয়েছেন, যেখানে টিউলিপ নিজেই দুর্নীতির অভিযোগে অভিযুক্ত। টিউলিপ সিদ্দিককে পদচ্যুত করার আহ্বান জানিয়ে কনজারভেটিভ নেতা কেমি বাডেনচ সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, কিয়ার স্টারমারের টিউলিপ সিদ্দিককে পদচ্যুত করার এখনই সময়। একই সুরে টিউলিপের পদত্যাগের দাবি তুলেছেন শ্যাডো চ্যান্সেলর মেল স্ট্রাইডও। তিনি বলেছেন, টিউলিপ দুর্নীতিবিরোধী মন্ত্রী। তার বিরুদ্ধে গুরুতর অভিযোগ রয়েছে। মেল স্ট্রাইড আরও বলেন, এই পরিস্থিতিতে তার পক্ষে এই দায়িত্ব সঠিকভাবে পালন করা কঠিন। তাই তার পদত্যাগ করা উচিত এবং প্রধানমন্ত্রীকে বিষয়টি গুরুত্ব সহকারে নেওয়া উচিত। অন্যদিকে, নিজের বিরুদ্ধে বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার (তার খালা) শাসনামলে আওয়ামী লীগের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছ থেকে একাধিক ফ্ল্যাট নেওয়ার অভিযোগ ওঠার পর তা তদন্তের আহ্বান জানিয়ে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর ইন্ডিপেনডেন্ট অ্যাডভাইজার অন মিনিস্ট্রিয়াল স্ট্যান্ডার্ডস (প্রধানমন্ত্রীর উপদেষ্টা) লাউরি ম্যাগনাসের কাছে গত সোমবার এক চিঠি লেখেন টিউলিপ ২-এর পাতায় দেখুন

## যুক্তরাষ্ট্রের অনুষ্ঠানে তারেক রহমানকে আমন্ত্রণ নিয়ে যা বলল বিএনপি

**স্টাফ রিপোর্টার :** যুক্তরাষ্ট্রের 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট' অনুষ্ঠানে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ তিন নেতাকে আমন্ত্রণ নিয়ে বিভ্রান্তি সৃষ্টি হওয়ায় দুঃখ প্রকাশ করেছে বিএনপি। বিএনপি মিডিয়া সেলের এক বিবৃতিতে বলা হয়েছে, 'এই অনুষ্ঠানটি মার্কিন সরকার আয়োজন করে না। ১৯৫৩ সাল থেকে জাতীয় প্রার্থনা প্রাতঃরাশ অনুষ্ঠিত হয়ে আসছে।' 'যদি কোনো ব্যক্তি, মিডিয়া সূত্রে প্রকাশিত সংবাদের বিভ্রান্তির কারণ সৃষ্টি করে থাকে তবে আমরা আন্তরিকভাবে দুঃখিত'ড় বলা হয়েছে বিএনপি মিডিয়া সেলের আহ্বায়ক অধ্যাপক মওদুদ হোসেন আলমগীর স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে। এতে আরও বলা হয়, যুক্তরাষ্ট্রের ওই অনুষ্ঠানের সহ-সভাপতি, কংগ্রেস সদস্য বেন ক্লাইন (রিপাবলিকান) এবং কংগ্রেস সদস্য থমাস আর সুজি (ডেমোক্রেট) বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে আন্তরিকভাবে এই আমন্ত্রণ জানিয়েছেন। অনুষ্ঠানে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীও আমন্ত্রণ পেয়েছেন। উল্লেখ্য, মার্কিন কংগ্রেসের নেতৃত্বে জাতীয় প্রার্থনা প্রাতঃরাশ বা 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট' অনুষ্ঠিত হয়। ইভেন্টটি মূলত খ্রিস্টান ব্যক্তিত্ব, পাদ্রী, নির্বাচিত কর্মকর্তা এবং উদ্যোক্তাদের একটি সমাবেশ। ফেব্রুয়ারির প্রথম বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে এটি অনুষ্ঠিত হয়। এবার আগামী ৫-৬ ফেব্রুয়ারি আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

## এবার বাংলাদেশের হাইকমিশনারকে তলব করল ভারত

**স্টাফ রিপোর্টার :** সম্প্রতি সীমান্তে উত্তেজনাকর পরিস্থিতি নিয়ে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মাকে তলবের একদিন পর এবার দিল্লিতে নিযুক্ত বাংলাদেশের ভারপ্রাপ্ত হাইকমিশনার নূরুল ইসলামকে পাল্টা তলব করেছে ভারত। সোমবার (১৩ জানুয়ারি) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশি হাইকমিশনারকে তলব করেছে বলে কূটনৈতিক । রোববার সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের ঘটনায় ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মাকে তলব করে পররাষ্ট্র মন্ত্রণালয়। এ সময় পররাষ্ট্রসচিব এম জসীম উদ্দিনের সঙ্গে তিনি সীমান্ত নিয়ে আলোচনা করেন। এর আগে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী জানিয়েছিলেন, সীমান্তের পাঁচটি জায়গায় ভারত কাঁটাতারের বেড়া ২-এর পাতায় দেখুন

## ঢাকায় জাপানের নতুন রাষ্ট্রদূত সাইদা শিনিচি

**স্টাফ রিপোর্টার :** ঢাকায় জাপানের নতুন রাষ্ট্রদূত হিসেবে নিযুক্ত হয়েছেন সাইদা শিনিচি। তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রটোকল প্রধান খন্দকার মাসুদুল আলমের কাছে পরিচয়পত্রের অনুলিপি প্রদান করেছেন। প্রটোকল প্রধানের দপ্তরে পরিচয়পত্রের অনুলিপি পেশ করেন রাষ্ট্রদূত মনোনীত সাইদা শিনিচি। গতকাল সোমবার ঢাকায় জাপানের দূতাবাস এ তথ্য জানায়। দূতাবাস জানায়, গত রোববার জাপানের নতুন রাষ্ট্রদূত সাইদা শিনিচি পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রটোকল প্রধান খন্দকার মাসুদুল আলমের কাছে পরিচয়পত্রের অনুলিপি পেশ করেন। জাপান ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারে মনোনীত রাষ্ট্রদূত তার দায়িত্ব পালনে প্রতিশ্রুতিবদ্ধ। এর আগে ঢাকায় জাপানের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন আইওয়ামা কিমিনোরি।

# অন্তর্বর্তী সরকার নিয়ে বিতর্ক থাকতে পারে না : হাইকোর্ট

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশের জনগণ অন্তর্বর্তী সরকারকে বৈধ বলে মেনে নিয়েছে, কাজেই এ নিয়ে বিতর্ক থাকতে পারে না বলে জানিয়েছেন হাইকোর্ট। সংবিধানের ১০৬ অনুচ্ছেদ অনুযায়ী সুপ্রিম কোর্টের মতামত নিয়ে অন্তর্বর্তী সরকারের শপথ চ্যালেঞ্জ করে দায়ের করা রিট সরাসরি (সামারিলি রিজেক্ট) খারিজ করে আদেশ দেন আদালত। এ-সংক্রান্ত বিষয়ে দায়ের করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে সোমবার (১৩ জানুয়ারি) হাইকোর্টের বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি শিকদার মো. মাহমুদুর রাজীর সমন্বয়ে গঠিত বেঞ্চ পর্যবেক্ষণসহ এই আদেশ দেন। আদালতে আজ রিটের পক্ষে শুনানি করেন সিনিয়র অ্যাডভোকেট মহসীন রশিদ। অন্যদিকে রাষ্ট্রপক্ষের শুনানিতে ছিলেন ব্যারিস্টার অনিক আর হক। তার সঙ্গে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আক্তার হোসেন মো. আব্দুল ওয়াহহাব ও ডেপুটি অ্যাটর্নি জেনারেল সৈয়দা সাজিয়া শারমিন, সহকারী অ্যাটর্নি জেনারেল রাশেদুল হক, সহকারী অ্যাটর্নি জেনারেল মো. রুহুল আমীন শিকদার ও সহকারী অ্যাটর্নি জেনারেল সাব্বির হোসাইন। পর্যবেক্ষণে আদালত বলেন, বাংলাদেশের জনগণ অন্তর্বর্তী সরকারকে বৈধ বলে মেনে নিয়েছে, কাজেই এ নিয়ে বিতর্ক থাকতে পারে না। এছাড়া আন্তর্জাতিক মহলও অন্তর্বর্তী সরকারকে মেনে নিয়েছে, সুতরাং এ নিয়ে প্রশ্ন তোলার সুযোগ নেই। তবে রিটকারী আইনজীবী মহসীন রশিদ এ আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে যাবেন বলে জানিয়েছেন। এর আগে সংবিধানের ১০৬ অনুচ্ছেদ অনুযায়ী সুপ্রিম কোর্টের মতামত নিয়ে অন্তর্বর্তী সরকারের শপথ নেওয়া চ্যালেঞ্জ করে রিট করেন সুপ্রিম কোর্টের আইনজীবী এএসএম মনিরুল আলম। গত ৫ আগস্ট প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা। এরপর ৮ আগস্ট নোবেল বিজয়ী ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠনের আগে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মতামত চাওয়া হয়। ওই মতামত প্রকাশ ও বিভিন্ন সাংবিধানি প্রশ্ন তোলে রিটটি করেন আইনজীবীরা। গত ৮ আগস্ট নোবেল বিজয়ী ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠনের আগে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মতামত চাওয়া হয়। সেদিন তৎকালীন প্রধান বিচারপতি ওবায়দুল হাসানসহ আপিল বিভাগের ৭ জন বিচারপতি অন্তর্বর্তী সরকার গঠনের পক্ষে মতামত দিয়ে স্পেশাল রেফারেন্স দেন। সুপ্রিম কোর্টের মতামত ও বৈধতা পাওয়ার পর রাষ্ট্রপতি অন্তর্বর্তী সরকারকে শপথ পাঠ করান। স্পেশাল রেফারেন্সে আপিল ২-এর পাতায় দেখুন

## কারাবন্দিদের হাতে তৈরি তিন শতাধিক পণ্য বিক্রি হচ্ছে বাণিজ্য মেলায়

**স্টাফ রিপোর্টার :** ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বিক্রি হচ্ছে কারাগারের বন্দিদের হাতে তৈরি তিন শতাধিক পণ্য। এসব পণ্য বিক্রির জন্য কারা অধিদফতরের অধীনে 'বাংলাদেশ জেল কারা পণ্য' নামে একটি প্যাভিলিয়ন সাজানো হয়েছে। বাঁশ, বেত, কাঠ ও পাট দিয়ে তৈরি এস পণ্যে সেজেছে পুরো প্যাভিলিয়ন। এসব পণ্য দেখতে ক্রেতা-দর্শনার্থীদের ভিড় দেখা গেছে। এর মধ্যে জামদানি ও নকশিকাঁথায় বেশি আকৃষ্ট হচ্ছেন ক্রেতারা। প্যাভিলিয়ন সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা যায়, এসব পণ্য বিক্রির ৫০ শতাংশ টাকা বন্দিদের দেওয়া হবে। এসব টাকা তারা নিজের ও পরিবার এবং স্বজনদের জন্য খরচ করতে পারবেন। সরেজমিনে দেখা গেছে, বাঁশ ও বেত দিয়ে তৈরি মোড়া, প্লাস্টিক দিয়ে তৈরি কুলা, কাঠ দিয়ে ২-এর পাতায় দেখুন



বাংলাদেশে জনপ্রিয় একটি ফুল সূর্যমুখী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে ফুটেছে সূর্যমুখী ফুল। অনেকেই রক্তজবা আর সূর্যমুখী ফুল দেখতে আসেন। ছবিটি সোমবার তোলা।

## ওমরাহ করতেও লাগবে মেনিনজাইটিস টিকা

**স্টাফ রিপোর্টার :** যারা পবিত্র হজ পালন করতে যান তাদের বাধ্যতামূলক স্বাস্থ্য পরীক্ষা ও টিকা (মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা) নিতে হয়। এবার যারা ওমরাহ বা ভিজিট ভিসায় সৌদি আরব যাবেন, তাদের জন্যও এই টিকা বাধ্যতামূলক করা হয়েছে। আগামী ১ ফেব্রুয়ারি থেকে এটি কার্যকর হবে বলে জানিয়েছে সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়। তবে বাংলাদেশের ধর্ম মন্ত্রণালয় সৌদি সরকারের নতুন এই সিদ্ধান্তের বিষয়ে জানলেও অফিসিয়াল কোনো চিঠি পায়নি। জানতে চাইলে ধর্ম মন্ত্রণালয়ের হজ অনুবিভাগের যুগ্ম সচিব মো. মঞ্জুরুল হক বলেন, বিষয়টি আমরা মৌখিকভাবে শুনেছি। সৌদি সরকার ও দূতাবাস থেকে অফিসিয়ালভাবে কোনো কিছু জানায়নি। তিনি জানান, যারা হজ করতে যান তাদের বাধ্যতামূলক মেনিনজাইটিস টিকা নিতে হয়। স্বাস্থ্য মন্ত্রণালয় এই টিকা ২-এর পাতায় দেখুন

# সেতুর ওপর ট্রাক বিকল, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে যানজট

**স্টাফ রিপোর্টার :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দাউদকান্দি সেতুতে একটি ট্রাক বিকল হওয়ার মুন্সীগঞ্জের গজারিয়া অংশের ১৩ কিলোমিটার দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। এতে ঢাকা থেকে কুমিল্লামুখী সড়কে ধীরগতিতে গাড়ি চলায় দুর্ভোগে পড়েন যাত্রীরা। পরে বেলা ১১টার দিকে বিকল গাড়িটি মহাসড়ক থেকে সড়িয়ে নিলে যানবাহন চলাচল স্বাভাবিক হয়। হাইওয়ে পুলিশ সূত্রে জানা যায়, গতকাল সোমবার সকাল ৮টার দিকে দাউদকান্দি সেতুর ওপরে একটি ট্রাক বিকল হওয়াতে যানজটের সৃষ্টি হয়। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে তা মহাসড়কের গজারিয়া অংশের ১৩ কিলোমিটার এলাকায় ছড়িয়ে পড়ে। পরে গাড়িটি সড়ক থেকে সরিয়ে নিলে যান চলাচল স্বাভাবিক হয়। কুমিল্লাগামী তৃষা পরিবহনের যাত্রী আহসান হাবিব বলেন, 'ঢাকা থেকে রওনা হয়েছি সকাল ৮টার দিকে। এখন আছি গজারিয়ার বাউশিয়ায় মেঘনা সেতু। এই পর্যন্ত আসতে সময় লেগেছে দেড় ঘণ্টা। এতক্ষণে আমি চলে যেতাম চান্দিনা। শুনেছি একটি গাড়ি বিকল হওয়ার কারণে এই যানজট। ভবেরচর হাইওয়ে পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. হুমায়ুন কবির জানান, সকালে দাউদকান্দি সেতুর ওপর একটি ট্রাক বিকল হওয়া কুমিল্লাগামী সড়কে যানজটের সৃষ্টি হয়। পরে মহাসড়ক থেকে গাড়িটি সরিয়ে নিলে যানবাহন চলাচল স্বাভাবিক হয়। এখন মহাসড়কে দুই পাশেই যান চলাচল স্বাভাবিক রয়েছে।

## বৃকৃবিতে র‌্যাগিংয়ের অভিযোগে হল থেকে ২৭ শিক্ষার্থী বহিষ্কার

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলে নবীন শিক্ষার্থীদের গেস্টরুম করিয়ে উদ্ভট শাস্তি দেওয়ার ঘটনায় ২৭ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। শাস্তি হিসেবে তাদের এক বছরের জন্য হল থেকে বহিষ্কার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স অনুযায়ী হলে শৃঙ্খলাপরিপন্থি কাজে সম্পৃক্ত থাকায় তাদের বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল সোমবার সকালে এ তথ্য জানিয়েছেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলের প্রভোস্ট ২-এর পাতায় দেখুন

### পেরেশানিতে পুলিশ

# খুন, ছিনতাই, অপহরণ ও চাঁদাবাজি একের পর এক চাঞ্চল্যকর ঘটনা ঘটেই চলেছে

**স্টাফ রিপোর্টার :** ২০২৪ অভ্যুত্থানের পর প্রায় ভেঙে পড়েছে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা। নিরাপত্তা ও শৃঙ্খলা ব্যবস্থা আগের অবস্থায় ফিরিয়ে আনার চেষ্টা করলেও অনেকটাই ব্যর্থ হচ্ছে অন্তর্বর্তী সরকার। খুন, ছিনতাই, অপহরণ ও চাঁদাবাজির মতো একের পর এক চাঞ্চল্যকর ঘটনা ঘটেই চলেছে। পুলিশ ঠিকমতো ডিউটি পালন করছে না বলে অভিযোগ জনগণের। প্রশ্ন উঠছে পুলিশের নিরাপত্তা প্রস্তুতি নিয়েও। সংশ্লিষ্টরা বলছেন, সামাজিকভাবে ইমেজ নষ্ট হয়ে যাওয়ায় পুলিশ সদস্যরা এখনো বিভিন্ন জায়গায় নিগৃহীত হচ্ছেন। সামাজিকভাবে পুলিশ এখন অপরাধী হিসেবে বিবেচিত হচ্ছে। এমনকি কে কার ক্যাশিয়ার এভাবেও চিহ্নিত করা হচ্ছে অনেককে। সেই সঙ্গে আগের মতো ঘুষবাণিজ্য না থাকায় জীবনযাপনও করতে পারছেন না আগের স্টাইলে। অবৈধভাবে যারা সম্পদের মালিক হয়েছেন, অনেকের সেসব সম্পদও চলে যাচ্ছে ভোগদখলের বাইরে। ব্যক্তিগত, সামাজিক, রাজনৈতিক ও পেশাগত নানা টানাপোড়েনের মধ্যে সময় কাটছে পুলিশের। এত প্রতিকূল অবস্থায় পেরেশানিতে রয়েছে পুলিশ বাহিনী। তবে ট্রমা কাটিয়ে জনগণের বন্ধু হওয়ার চেষ্টা করছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীটি। জানা যায়, পুলিশ বাহিনী থেকে লুট হয়ে যাওয়া অস্ত্রগুলোর সব এখনো উদ্ধার হয়নি। বিভিন্ন সংস্থার সদস্যদের ধারণা, দুর্বৃত্তদের কাছেই রয়েছে এসব ২-এর পাতায় দেখুন

## এসি তানজিল ও কনস্টেবল আকরামকে ট্রাইব্যুনালে হাজিরের নির্দেশ

**স্টাফ রিপোর্টার :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে রাজধানীর যাত্রাবাড়ীতে গুলিবিদ্ধ বন্ধুকে টেনে নিয়ে যাওয়ার সময় রাজারবাগ পুলিশ লাইনসের উপ-পরিদর্শক মো. ময়নাল হোসেন ভূঁইয়ার ছেলে কলেজ শিক্ষার্থী ইমাম হাসান তাইমকে গুলি করে হত্যা মামলায় গ্রেপ্তার সহকারী পুলিশ কমিশনার (এসি) তানজিল আহমেদকে হাজির করার নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একইসঙ্গে গাজীপুরের কোনাবাড়ী থানার পাশে শরীরে ঠেকিয়ে গুলি করে কলেজ ছাত্র মো. হৃদয় (২০) হত্যা মামলায় ২-এর পাতায় দেখুন

### জুলাই-আগস্ট গণহত্যা

# শেখ হাসিনাসহ জড়িতদের গুরুত্বপূর্ণ কলরেকর্ড প্রসিকিউশনের হাতে

**স্টাফ রিপোর্টার :** ছাত্র-জনতার অভ্যুত্থানে পালিয়ে যাওয়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ জুলাই হত্যাকাণ্ডে জড়িতদের গুরুত্বপূর্ণ কল রেকর্ড হাতে পেয়েছে ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিম। তবে ট্রাইব্যুনালে তথ্য প্রদানে অসহযোগিতার অভিযোগ করেছেন প্রসিকিউটররা। সোমবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর কার্যালয় থেকে এ তথ্য জানা গেছে। পরে ব্রিফিংয়ে প্রসিকিউটর তানভীর জোহা জানান, গুমের গুরুত্বপূর্ণ তথ্যপ্রমাণ মিলেছে। হত্যাকাণ্ডের আলামত গায়েব করতে সব ধরনের আয়োজন করা হয়েছিল। জড়িতদের গুরুত্বপূর্ণ কল রেকর্ড পাওয়া গেছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জুলাই-আগস্ট হত্যাকাণ্ডের ঘটনায় মানবতাবিরোধী অপরাধের বিচার চলছে। প্রথমে কোটা এবং তারপর সরকার পতনের আন্দোলনকে কেন্দ্র করে গত জুলাই ও অগাস্ট মাসে বাংলাদেশে ঘটে যাওয়া হত্যাকাণ্ডকে 'গণহত্যা' হিসেবে অভিহিত করা হচ্ছে। আন্দোলনে নিহতের সংখ্যা নিয়ে নানা আলাপ হলেও এর প্রকৃত সংখ্যা এখনো নির্ধারণ করা যায়নি। তবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের একটি তালিকা অনুযায়ী নিহতের সংখ্যা ৭০৮। নিহতের সংখ্যা নির্ধারণে তালিকা তৈরির কাজ চলমান।

## শেখ রেহানা ও তার সন্তানদের বিরুদ্ধে ৩ মামলা, সহযোগী শেখ হাসিনা

**স্টাফ রিপোর্টার :** বিগত আওয়ামী লীগের সরকারের আমলে ক্ষমতার অপব্যবহার করে রাজউক থেকে প্লট গ্রহণের অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার বোন শেখ রেহানা, বোনের ছেলে রাদওয়ান মুজিব সিদ্দিক ববি, মেয়ে আজমিনা সিদ্দিক, টিউলিপ রিজওয়ানা সিদ্দিকের বিরুদ্ধে পৃথক তিনটি মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সোমবার (১৩ জানুয়ারি) দুদকের ঢাকা সমন্বিত জেলা কার্যালয়ে মামলাগুলো দায়ের করা হয়েছে বলে নিশ্চিত করেছেন দুদক মহাপরিচালক মো. আক্তার হোসেন। তিনি জানান, পৃথক ২-এর পাতায় দেখুন

দৈনিক
# মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা মঙ্গলবার ॥ ১৪ জানুয়ারি ২০২৫ ॥ ৩০ পৌষ ১৪৩১ বাংলা

## মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আবারও বাড়তে পারে নীতি সুদহার

**স্টাফ রিপোর্টার :** মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নীতি সুদহার (রেপো সুদ) আরেক দফা বাড়াতে চায় বাংলাদেশ ব্যাংক। চলতি ২০২৪-২৫ অর্থবছরের জানুয়ারি-জুন সময়ের মুদ্রানীতিতে আসতে পারে এই ঘোষণা। এতে গ্রাহক পর্যায়ে বাড়বে ঋণের সুদ, যার প্রভাব পড়বে ব্যবসা-বাণিজ্যে। কেন্দ্রীয় ব্যাংক সূত্রে জানা যায়, রেপো (ট্রেজারি বিল জমা রেখে বাংলাদেশ ব্যাংক থেকে ধার) সুদহার ১০ শতাংশ থেকে বাড়িয়ে ১০ দশমিক ৫০ শতাংশ করা হতে পারে। নীতি সুদহার বাড়লেও সরকারি কর্মকর্তা ও ব্যাংকারদের ঋণে সুদহার (৪ শতাংশ) অপরিবর্তিতই থাকবে। উচ্চ মূল্যস্ফীতির মধ্যেও সরকার শতাধিক পণ্য-সেবায় ভ্যাট ও অন্যান্য কর বাড়িয়েছে। অন্য দিকে, সরকারি কর্মচারীদের গ্রেড অনুযায়ী ২০ শতাংশ পর্যন্ত মহার্ঘ ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মাঝেই নীতি সুদহার বাড়ানো হবে। এতে ঋণের সুদ আরও বাড়বে। খাত সংশ্লিষ্টরা বলছেন, ডলার সংকটের পাশাপাশি সংকোচনমূলক মুদ্রানীতির কারণে বেসরকারি বিনিয়োগ এখন তলানিতে। বেসরকারি খাতের ঋণ প্রবৃদ্ধি কমে গত নভেম্বরে নেমেছে ৭ দশমিক ৬৬ শতাংশে। অন্য দিকে, মূল্যস্ফীতি ধারাবাহিকভাবে বাড়ছে। গত বছরের ডিসেম্বর শেষে গড় মূল্যস্ফীতি ১০ দশমিক ৩৪ শতাংশে গিয়ে দাঁড়িয়েছে। যদিও চলতি অর্থবছর শেষে মূল্যস্ফীতি ৭ দশমিক ৫০ শতাংশে নামানোর লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। আড়াই বছর ধরে উচ্চ মূল্যস্ফীতি রয়েছে। এর মধ্যে শতাধিক পণ্যে শুল্ক-কর বাড়ানো ও মহার্ঘ ভাতার কারণে মূল্যস্ফীতি আরও বাড়তে পারে। ২০২০ সালের এপ্রিল থেকে ২০২৩ সালের জুন পর্যন্ত দেশে সর্বোচ্চ সুদহারের সীমা আরোপ করা হয় ৯ শতাংশ। বিশ্বের বিভিন্ন দেশ যখন সুদহার কমাতে শুরু করে, তখন আইএমএফের ঋণ কর্মসূচি শুরুর পর দেশে ২০২৩ সালের জুলাই থেকে সুদহার নির্ধারণে প্রথমে 'স্মার্ট' পদ্ধতি চালু করা হয়। পরে তা বাজারের ওপর ছেড়ে দেওয়া হয়। সেই সুদহার বেড়ে এখন ১৫ শতাংশে পৌঁছেছে। চলতি ২০২৪-২৫ অর্থবছরের দ্বিতীয়ার্ধের মুদ্রানীতি ঘোষণার বিষয়ে গত রোববার থেকে আলোচনা শুরু করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। এটি হবে বর্তমান গভর্নরের প্রথম মুদ্রানীতি ঘোষণা। গত রোবব-ার বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও তদূর্ধ্ব কর্মকর্তাদের সঙ্গে এ বিষয়ে বৈঠকে বসেন গভর্নর। বৈঠকে তিনি বলেন, মূল্যস্ফীতি না কমলে নীতি সুদহার বাড়ানো হবে। রেপো বা পুন:ক্রয় চুক্তির বিপরীতে ব্যাংকগুলোকে ধার দিয়ে থাকে বাংলাদেশ ব্যাংক। আর রিভার্স রেপোর মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক থেকে টাকা তুলে নেয়া হয়। আবার ব্যাংক রেটও এক ধরনের নীতি সুদহার। ব্যাংক রেটে ঋণ পেয়ে থাকেন সাধারণত সরকারি কর্মকর্তা-কর্মচারী, জুডিশিয়ারি সার্ভিস, বাংলাদেশ ব্যাংক, সরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ৭-এর পাতায় দেখুন




## সিগারেটের দাম কমপক্ষে ১০ শতাংশ বাড়ানোর দাবি

**স্টাফ রিপোর্টার :** ২০২৫-২৬ অর্থবছরের বাজটে সব ধরনের সিগারেটের খুচরামূল্য কমপক্ষে ১০ শতাংশ বাড়ানোর দাবি জানিয়েছে গবেষণা সংস্থা 'উন্নয়ন সমন্বয়'। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে উন্নয়ন সমন্বয়ের গবেষণা পরিচালক আবদুল্লাহ নাদভী বলেন, ২০১৯-২০ থেকে ২০২৩-২৪ সময়কালে বিভিন্ন স্তরের সিগারেটের দাম ৬ থেকে ২২ শতাংশ বাড়ানো হয়েছে। অথচ এই সময়ের মূল্যস্ফিতির হার ৩২ শতাংশ ছিল। ফলে মূল্যস্ফিতির বিবেচনায় সিগারেট আরও সহজলভ্য হয়েছে। তিনি বলেন, চলতি অর্থবছরজুড়ে যেহেতু গড় মূল্যস্ফীতি ১০ শতাংশের কাছাকাছি রয়েছে তাই আসন্ন অর্থবছরের বাজটে সব ধরনের সিগারেটের ন্যূনতম ঘোষিত খুচরামূল্য কমপক্ষে ১০ শতাংশ করে বাড়াতে হবে। এছাড়াও কর আহরণ সহজ করতে বাজারে বিক্রি হওয়া সিগারেটের স্তর সংখ্যা কমিয়ে আনার বিষয়টি বিবেচনার পাশাপাশি সিগারেট বিক্রি থেকে প্রাপ্ত রাজস্ব ২০ শতাংশ বাড়ানোর লক্ষ্য নিয়ে সিগারেটে কর প্রস্তাব তৈরি করতে হবে। তিনি বলেন, সিগারেটের দাম বাড়ানোর পাশাপাশি এগুলোর ওপর কার্যকর করারোপও জরুরি। সিগারেটের দামবৃদ্ধির ফলে কোম্পানিগুলোর বাড়তি আয়ের সুযোগ তৈরি হতে পারে। জাতীয় রাজস্ব বোর্ড থেকে পাওয়া তথ্য এবং তামাকবিরোধী জাতীয় ও আন্তর্জাতিক গবেষকদের বিশ্লেষণ তুলে ধরে তিনি বলেন, সর্বশেষ পাঁচ অর্থবছরের প্রতিটিতে সিগারেট বিক্রি থেকে সরকার যে রাজস্ব আহরণ করেছে, তামাকবিরোধী নাগরিক ৭-এর পাতায় দেখুন



## মালয়েশিয়ার সাথে ভারসাম্যপূর্ণ বাণিজ্য চায় বাংলাদেশ : বাণিজ্য উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ মালয়েশিয়ার সাথে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক বাড়াতে চায় এবং একই সাথে ভারসাম্যপূর্ণ বাণিজ্য নিশ্চিত করতে চায় বলে উল্লেখ করেছেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। সোমবার (১৩ জানুয়ারি) বিকালে সচিবালয়ে নিজ কার্যালয়ে মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ শোহাদা অথমান এর সাথে সাক্ষাৎকালে একথা বলেন তিনি। সাক্ষাৎকালে তাঁরা দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য এবং ভবিষ্যৎ বিনিয়োগ সম্ভাবনা নিয়ে কথা বলেন। বাণিজ্য উপদেষ্টা বলেন, দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে মুক্ত বাণিজ্য চুক্তি গুরুত্বপূর্ণ। বাংলাদেশ ইতোমধ্যে কোরিয়া, জাপান ও সিঙ্গাপুরের সাথে মুক্ত বাণিজ্য চুক্তির লক্ষ্যে আলোচনা শুরু করেছে। মালয়েশিয়া ও বাংলাদেশের বাণিজ্য বৃদ্ধির জন্য দ্রতই আলোচনা শুরু করা দরকার, এতে দুই দেশই উপকৃত হবে। বতর্মান প্রেক্ষাপটে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে বহুবিধ দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার উপযুক্ত পরিবেশ বিরাজ করছে উল্লেখ করে উপদেষ্টা বলেন, মালয়েশিয়ার শ্রমবাজার বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের রিজার্ভের একটি বড় অংশ আসে মালয়েশিয়ায় অবস্থানরত প্রবাসীদের পাঠানো রেমিটেন্স থেকে। দক্ষ জনশক্তির রপ্তানির মাধ্যমে আমরা সেখানে শক্ত অবস্থান তৈরি করতে চাই। এসময় তিনি বাংলাদেশে স্পেশাল ইকনোমিক জোনে আরো বেশি মালয়েশিয়ান বিনিয়োগের আহ্বান জানান। পামওয়েল রপ্তানি বাড়ানোর আহ্বান ৭-এর পাতায় দেখুন



## জামায়াত আমিরের সঙ্গে ব্রাজিলের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত পাওলো ফারনান্দো দিয়াস ফেরেস সৌজন্য সাক্ষাৎ করেছেন। সোমবার (১৩ জানুয়ারি) সকাল ১১টায় এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। মতবিনিময়কালে তারা বাংলাদেশ ও ব্রাজিলের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে খোলামেলা আলোচনা করেন। ভবিষ্যতে উভয় দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক, উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত থাকবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেছেন। এসময় রাষ্ট্রদূতের বিশেষ সহকারী মিস সাদিয়া উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে ৭-এর পাতায় দেখুন

## মমতাজ উদ্দিনের জামিন আপাতত স্থগিতই থাকবে

**স্টাফ রিপোর্টার :** সন্ত্রাসবিরোধী আইনের মামলায় সুপ্রিম কোর্ট বারের সাবেক সম্পাদক ও আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট মমতাজ উদ্দিন মেহেদীর জামিনের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষকে লিভ টু আপিল করতে বলেছেন আপিল বিভাগ। আগামী ২০ জানুয়ারি এই মামলার পরবর্তী শুনানি হবে। ততদিন পর্যন্ত তার জামিন স্থগিত থাকবে বলে আদেশে বলা হয়েছে। গতকাল সোমবার বিচারপতি মো. আশফাকুল ইসলামের নেতৃত্বাধীন আপিল বিভাগ এ আদেশ দেন। আদালতে মেহেদীর পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী মোতাহার হোসেন সাজু। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল আরশাদুর রউফ। এর আগে বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তীর হাইকোর্ট বেঞ্চ অ্যাডভোকেট মমতাজ উদ্দিন মেহেদীকে জামিন দেন। এই জামিন স্থগিত চেয়ে আবেদন করে রাষ্ট্রপক্ষ। গত সপ্তাহে চেম্বার বিচারপতির আদালত তার জামিন স্থগিত করে শুনানির জন্য আপিল বিভাগে পাঠিয়ে দেন। গত ১০ নভেম্বর রাজধানীর উত্তরা থেকে অ্যাডভোকেট মমতাজ উদ্দিন ৭-এর পাতায় দেখুন



## বেনজীর এবং বড় মেয়ের আয়কর নথি জব্দের নির্দেশ

**স্টাফ রিপোর্টার :** পুলিশের সাবেক আইজিপি বেনজীর আহমেদ এবং তার বড় মেয়ে ফারহিন রিশতা বিনতে বেনজীরের আয়কর নথি জব্দের আদেশ দিয়েছেন আদালত। সোমবার (১৩ জানুয়ারি) ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ মো. জাকির হোসেন গালিবের ৭-এর পাতায় দেখুন

## বছরের পর বছর নিলামের অপেক্ষায় কয়েক হাজার পণ্যভর্তি কনটেইনার

**স্টাফ রিপোর্টার :** চট্টগ্রাম বন্দরে বছরের পর বছর নিলামের অপেক্ষায় পড়ে রয়েছে পণ্যভর্তি কয়েক হাজার কনটেইনার। কয়েক হাজার কোটি টাকা মূল্যের পণ্য বোঝাই ওসব কনটেইনার নিয়ে সবচেয়ে বেশি বিপাকে রয়েছে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। ওসব কনটেইনার অনেক জায়গা দখল করে রাখায় বন্দরের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। তাছাড়া বৈদ্যুতিক ফ্রিজার কনটেইনারের (রেফার কনটেইনার) কারণে বিদ্যুৎ অপচয়ও বাড়ছে। বর্তমানে নিলামের অপেক্ষায় বন্দরের জেটিতে ৯ হাজারের বেশি কনটেইনার রয়েছে। যদিও বন্দর কর্তৃপক্ষওই বিদ্যুৎ বিলের টাকা শিপিং লাইন কোম্পানি থেকে আদায় করে। অথচ ৩০ দিনের মধ্যে কনটেইনারে থাকা পণ্য নিলাম করে কনটেইনার খালি করার বিধান রয়েছে। কিন্তু বাস্তবে তা মানা হচ্ছে না। ফলে পণ্যের পাশাপাশি শিপিং লাইনগুলোকে গচ্চা দিতে হচ্ছে হাজার কোটি টাকা। চট্টগ্রাম বন্দর সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, নিলামের অপেক্ষঅয় চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ড এবং শেডে পণ্য বোঝাই অবস্থায় ২ হাজার ৮৩৫টি ২০ ফুট সাইজের এবং ৩ হাজার ৮০৬টি ৪০ ফুট সাইজের এফসিএল (পণ্যভর্তি) কনটেইনার বছরের পর বছর পড়ে রয়েছে। তার বাইরে ৭২ হাজার ৪৮৪ প্যাকেজ এলসিএল খোলা পণ্য এবং ৬ হাজার ৭৮৪ প্যাকেজ বাল্ক কার্গো নিলামে বিক্রির জন্য রাখা হয়েছে। নিয়ম অনুযায়ী আমদানির ৩০ দিনের মধ্যে ছাড় না হওয়ায় নিলামে বিক্রির জন্য বাই পেপার চট্টগ্রাম কাস্টম হাউজের কাছে হস্তান্তর হলেও নানা জটিলতায় ওসব পণ্য নিলামে তোলা যায়নি। অথচ একটি কনটেইনার মাসে গড়ে একটি করে ভয়েস (ভাড়ায় যাওয়া) করতে পারে। ওই হিসেবে বছরে ১২টি ভয়েস করতে পারার কথা। আর তা থেকে গড়ে বছরে প্রায় ৭০ থেকে ৭২ লাখ টাকা ভাড়ায় আয় হওয়ার কথা। কিন্তু বছরের পর বছর বন্দরের ইয়ার্ডে পড়ে থাকার কারণে কনটেইনার মালিক ওই আয় থেকে বঞ্চিত হচ্ছে। আবার যদি কনটেইনারটি নষ্ট হয়ে যায় তাহলে তো সবই ক্ষতি। বিদ্যমান পরিস্থিতিতে শিপিং কোম্পানিগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে। তারা ভাড়া থেকে যেমন বঞ্চিত হওয়ার পাশাপাশি কনটেইনারগুলো নষ্টও হয়ে যাচ্ছে। সূত্র জানায়, দেশের ৭-এর পাতায় দেখুন

## আবারো সচিবালয়ের সামনে অবস্থান অব্যাহতিপ্রাপ্ত এসআইদের

**স্টাফ রিপোর্টার :** চাকরিতে পুনর্বহালের দাবিতে আবার সচিবালয়ের সামনে অবস্থান নিয়েছেন পুলিশের ৪০তম ব্যাচের অব্যাহতিপ্রাপ্ত শিক্ষানবিশ উপ-পরিদর্শকরা (এসআই)। তারা দাবি পূরণের কোনো আশ্বাস না পেলে বিকেল ৫টা পর্যন্ত এ কর্মসূচি পালন করবেন বলে জানিয়েছেন। গতকাল সোমবার সকাল ১০টার পর থেকে আব্দুল গনি রোডে সচিবালয়ের ১ ও ২ নম্বর গেটের বিপরীতে অবস্থান নেন অব্যাহতিপ্রাপ্ত শিক্ষানবিশ উপ-পরিদর্শকরা (এসআই)। তারা বলেন, অন্যায়ভাবে প্রশিক্ষণ থেকে অব্যাহতি দেওয়ার প্রতিবাদে এবং চাকরিতে পুনর্বহালের দাবিতে তারা ৩২১ জন গত ৫ ও ৬ জানুয়ারি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সামনে শান্তিপূর্ণ ৭-এর পাতায় দেখুন

## গণভবনে মিলেছে টিউলিপের প্রচারপত্র, অনুসন্ধানী সাংবাদিকতা বন্ধের নোট

**স্টাফ রিপোর্টার :** ছাত্র-জনতার আন্দোলনের মুখে প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে গত বছরের ৫ আগস্ট ভারতে পালান আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। এরপর বিক্ষুব্ধ জনতা সাবেক প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে হামলা ও লুটপাট চালায়। সেই বাসভবনে ধুলা আর ধ্বংসাবশেষের মধ্যেই পাওয়া গেল যুক্তরাজ্যের লেবার পার্টির মন্ত্রী টিউলিপ সিদ্দিকের লিফলেট বা প্রচারপত্র। টিউলিপ ব্রিটেনের লেবার মন্ত্রিসভার সদস্য, তিনি ইকোনমিক সেক্রেটারি টু দ্য ট্রেজারি অ্যান্ড সিটি মিনিস্টার হিসেবে দায়িত্ব পালন করছেন। তার কাজ যুক্তরাজ্যের অর্থবাজারের ভেতরের দুর্নীতি সামলানো। তিনি বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী ৭-এর পাতায় দেখুন

## আশুলিয়ায় পাওনা টাকার দাবিতে শ্রমিকদের সড়ক অবরোধ

**স্টাফ রিপোর্টার :** ঢাকার আশুলিয়ার বাইপাইল-আবদুল্লাহপুর সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন শারমীন গ্রুপের চাকরিচ্যুত শ্রমিকরা। এ ঘটনায় ঘটনাস্থলে রয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। গতকাল সোমবার সকাল ১০টা থেকে টঙ্গী-আশুলিয়া-ইপিজেড সড়কের আশুলিয়ার নরসিংহপুর এলাকায় কারখানাটির সামনে অবস্থান নিয়ে সড়কটি অবরোধ করে বিক্ষোভ করেন কারখানাটির শ্রমিকরা। শ্রমিকরা জানান, কারখানায় খাবার নিয়ে ঝামেলা হয়েছিল। পরে সে ঝামেলা থেকে আন্দোলনে রূপ নেয়। পরে ৪৩০ জন শ্রমিককে পাওনা না দিয়ে চাকরিচ্যুত করা হয়। বিষয়টি সমাধানে প্রথমে গ্রামীণ কনভেনশন সেন্টার পরে রাজ পার্কে শ্রমিকদের সঙ্গে আলোচনা হয়। আলোচনা ফলপ্রসূ না হওয়ায় গতকাল সোমবার পাওনাদির দাবিতে সড়ক অবরোধ করেছেন শ্রমিকরা। শিল্প পুলিশ জানায়, সম্প্রতি মালিকপক্ষের ছেলের বিয়ে উপলক্ষে কারখানায় শ্রমিকদের জন্য খাওয়া দাওয়ার আয়োজনকে কেন্দ্র করে কারখানার অভ্যন্তরে বিশৃঙ্খলার সৃষ্টি হয়। বিষয়টিকে কেন্দ্র করে মালিকপক্ষ বাংলাদেশ শ্রম আইনের ২৩ ধারায় বেশ কিছু শ্রমিককে প্রথমে কারণ দর্শানোর নোটিশ দেয় এবং পরবর্তীতে তদন্ত করে মালিকপক্ষ যাদের বিরুদ্ধে অপরাধের প্রমাণ পেয়েছে তাদের চাকরিচ্যুত করে। চাকরিচ্যুত করা এমন শ্রমিকের সংখ্যা প্রায় ৪৩০ জন। মূলত চাকরিচ্যুত এসব শ্রমিকরা শ্রম আইনের ২৬ ধারায় সব সুবিধা ও পাওনার দাবি জানিয়ে সকাল থেকে সড়ক অবরোধ করে রেখেছেন। শিল্প পুলিশ-১ এর অতিরিক্ত পুলিশ সুপার বলেন, বিষয়টি নিয়ে এরই মধ্যে বিজিএমইএতে সব পক্ষের মধ্যে আলোচনা চলছে। আশা করি খুব দ্রুত সমাধান হবে। আশুলিয়া থানার ওসি নুর আলম সিদ্দিকী বলেন, শারমীন গ্রুপের প্রায় সাড়ে ৪ শতাধিক চাকরিচ্যুত শ্রমিকরা সড়ক অবরোধ করে রেখেছেন। আমরা ঘটনাস্থলে আছি, শ্রমিকদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। বর্তমানে সড়কটিতে যান চলাচল বন্ধ রয়েছে। শিল্প পুলিশ ১ এর পুলিশ সুপার মোমিনুল ইসলাম বলেন, ৭-এর পাতায় দেখুন



## রাজস্ব ঘাটতি মেটাতে কিছু পণ্যে ভ্যাট বাড়ানো হয়েছে : খাদ্য উপদেষ্টা

**মাদারীপুর প্রতিনিধি :** সরকারের রাজস্ব ঘাটতি মেটাতেই কিছু পণ্যের ওপর ভ্যাট বাড়ানো হয়েছে বলে জানিয়েছেন খাদ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা আলী ইমাম মজুমদার। তিনি বলেন, সরকারের রাজস্ব প্রয়োজন। প্রচুর ভর্তুকিও লাগে। এ অর্থ কোথাও না কোথাও থেকে সংগ্রহ করতে হয়। তাই কিছু পণ্যের ভ্যাট বাড়ানো হয়েছে, এতে তেমন কোনো অসুবিধা হবে না। গতকাল সোমবার সকালে মাদারীপুর সার্কিট হাউসে এক অনুষ্ঠানে যোগ দিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। খাদ্য উপদেষ্টা আরও বলেন, এ বছর অকাল বন্যায় আমন ধানের ক্ষতি হয়েছে। এতে খাদ্য নিরাপত্তা ঝুঁকিতে ছিল। সেই ঘাটতি পূরনের জন্য বর্তমান সরকার চেষ্টা চালাচ্ছে। বিদেশ থেকে খাদ্য আমদানির ব্যবস্থা করা হয়েছে। আগামীতে ভালো ফসল হবে, ইরি ধানের ৭-এর পাতায় দেখুন

## জবির অনশনরত ১৪ শিক্ষার্থী অসুস্থ হয়ে হাসপাতালে

**জবি প্রতিনিধি :** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) দ্বিতীয় ক্যাম্পাসের কাজ সেনাবাহিনীকে হস্তান্তরসহ তিন দফা দাবিতে সকাল থেকে অনশনে থাকা ১৪ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। তাদের ক্যাম্পাসের পার্শ্ববর্তী ন্যাশনাল মেডিক্যাল হাসপাতালে ভর্তি করানো হয়েছে। গত রোববার রাত ৯টার দিকে অনশনরত অবস্থায় হঠাৎ কয়েকজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েন। পরবর্তী সময়ে তাদের বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টারে নিয়ে যাওয়া হয়। অসুস্থ হওয়া শিক্ষার্থীরা হলেন, ইসলামিক স্টাডিজ বিভাগের ১৭ ব্যাচের শিক্ষার্থী আতিকুর রহমান তানজিল, দর্শন বিভাগের ১৫ ব্যাচের শিক্ষার্থী তাওহীদুল ইসলাম, ম্যানেজমেন্ট ৭-এর পাতায় দেখুন



## দ্রুত নির্বাচনের ব্যবস্থা না করলে আন্দোলনে নামা হবে: অলি

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকার জনগণের প্রত্যাশা পূরণ করতে ব্যর্থ হয়েছে মন্তব্য করে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) প্রেসিডেন্ট ডক্টর কর্নেল (অব.) অলি আহমদ (বীর বিক্রম) বলেছেন, দ্রুত জাতীয় সংসদ নির্বাচনের ব্যবস্থা না করলে অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে আন্দোলনে নামা হবে। সোমবার (১৩ জানুয়ারি) রাজধানীর মজবাজারে এলডিপি কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ হুশিয়ারি দেন। এ সময় উপস্থিত ছিলেন এলডিপি মহাসচিব ড. রেদোয়ান আহমদ প্রমুখ। জুলাই মাসে ছাত্র-জনতা ও রাজনীতিবিদরা একত্রে মাঠে নামলে হাসিনা পালিয়ে যেতে বাধ্য হয় উল্লেখ করে কর্নেল অলি বলেন, ৫ আগস্ট এমনিতেই বিজয় অর্জন হয়নি। এটি রাজনীতিবিদদের ত্যাগ, দীর্ঘদিনের সংগ্রামের ফলে হয়েছে। রাজনীতিবিদরা দীর্ঘ ১৫ বছর ধরে আন্দোলন করে মাঠ উত্তপ্ত করেছে। আমাদের সর্বাগ্রে দাবি হলো জাতীয় সংসদ নির্বাচন মন্তব্য করে এলডিপি সভাপতি বলেন, আমরা যারা বিরোধী দলে ছিলাম আমাদের অনেকের বিরুদ্ধে ৩০০, ৪০০, এমনকি ৫০০ পর্যন্ত মামলা হয়েছে। ৫ আগস্ট বিজয় এসেছে রাজনীতিবিদদের শ্রমের কারণে। নির্বাচিতরা সিদ্ধান্ত নেবে স্থানীয় সরকার নির্বাচন কবে হবে। কীভাবে হবে। অন্যথায় আমরা আন্দোলনে নামতে বাধ্য হবো। সংস্কারের কোনো আলামত দেখছি না ৭-এর পাতায় দেখুন

## গাজীপুরে শিক্ষককে মারধর করা যুবদল নেতা বহিষ্কার

**গাজীপুর প্রতিনিধি :** গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু সরকারি উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক বশির উদ্দিনকে অফিসকক্ষ থেকে তুলে নিয়ে গিয়ে মারধরের অভিযোগে গাজীপুর জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক রাশেদুল ইসলাম রনিকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। রনি উপজেলার আটাবহ ইউনিয়নের জালশোকা গ্রামের আজিবরের ছেলে। গত রোববার রাতে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-দফতর সম্পাদক মিনহাজুল ইসলাম ভুঁইয়া স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, দলীয় শৃঙ্খলাপরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগে গাজীপুর জেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক রাশেদুল ইসলাম রনিকে প্রাথমিক সদস্যপদসহ দল থেকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত নেতৃবৃন্দের কোনও অপকর্মের দায়দায়িত্ব দল নেবে না। যুবদলের সকল পর্যায়ের নেতাকর্মীদের তাদের সঙ্গে সম্পর্ক ৭-এর পাতায় দেখুন

## বিশ্ববাজারে বেড়েছে জ্বালানি তেলের দাম

**আন্তর্জাতিক ডেস্ক :** বিশ্ববাজারে বেড়েছে জ্বালানি তেলের দাম। এ নিয়ে টানা তিন দিন বৃদ্ধি পেল তেলের দাম। সোমবার (১৩ জানুয়ারি) বার্তা সংস্থা রয়টার্স এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। এতে বলা হয়, রাশিয়ার ওপর যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের নিষেধাজ্ঞার কারণে এবার বাজারে তেলের দাম বাড়ছে। এই নিষেধাজ্ঞার কারণে চীন ও ভারতে রাশিয়ার তেল বিক্রি ব্যাহত হতে পারে, এই আশঙ্কায় তেলের দাম বাড়ছে। এরই অংশ হিসেবে আজ বিশ্ববাজারে ব্রেন্ট ক্রুড তেলের দাম ব্যারেলপ্রতি ১ দশমিক ৪৮ ডলার বেড়ে ৮১ দশমিক ২৪ ডলারে উঠেছে। এর আগে এ তেলের দাম ৮১ দশমিক ৪৯ ডলার পর্যন্ত উঠেছিল। গত ২৭ আগস্টের পর এখন পর্যন্ত এটাই তেলের সর্বোচ্চ দাম। এদিকে ব্রেন্ট ক্রুডের সঙ্গে ডব্লিউটিআই ক্রুডের দামও বেড়েছে। এই তেলের দাম ব্যারেলপ্রতি ১ দশমিক ৫৩ ডলার বা ২ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭৮ দশমিক ১০ ডলারে উঠেছে। এর আগে এই তেলের দাম ৭৮ দশমিক ৩৯ ডলারে উঠেছিল। চলতি জানুয়ারি মাসের ৮ তারিখের পর এই উভয় জাতের তেলের দাম ব্যারেলপ্রতি ৬ শতাংশের বেশি বেড়েছে জানিয়ে প্রতিবেদনে বলা হয়, গত শুক্রবার রাশিয়ার তেলে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার প্রভাব আছে। এবারের নিষেধাজ্ঞায় রাশিয়ার গ্যাস কোম্পানি গাজপ্রম নেফট ও সারগাটনেফত গ্যাসও আছে। সেই সঙ্গে আছে রাশিয়ার তেল পরিবহন করা ১৮৩টি জাহাজ। মূলত তেল বিক্রি করে রাশিয়ার যুদ্ধ করার সক্ষমতা যেন হ্রাস পায়, তা নিশ্চিত করতেই বাইডেন প্রশাসন এই নিষেধাজ্ঞা দিয়েছে। ৭-এর পাতায় দেখুন



## তিতুমীর এক্সপ্রেসের বগি লাইনচ্যুত, রাজশাহীতে সাড়ে ৪ ঘণ্টা ট্রেন বন্ধ

**স্টাফ রিপোর্টার :** রাজশাহীর বেলপুকুরে লাইনচ্যুত তিতুমীর এক্সপ্রেসের বগি উদ্ধার করা হয়েছে। এর ফলে সাড়ে চার ঘণ্টা পর রাজশাহীর সঙ্গে ঢাকাসহ সব রেলপথে ট্রেন চলাচল স্বাভাবিক হচ্ছে। বিষয়টি নিশ্চিত করেছেন রাজশাহী রেলওয়ে স্টেশনের ব্যবস্থাপক ময়েন উদ্দিন। তিনি জানান, গতকাল সোমবার বেলা পৌনে ১১টার দিকে ট্রেনটি আবার পার্বতীপুরের উদ্দেশে ছেড়ে যাওয়ার মধ্য দিয়ে উদ্ধারকাজ শেষ হয়। পরে ক্ষতিগ্রস্ত লাইন মেরামত করা হয়। ফলে সাড়ে চার ঘণ্টা পর রাজশাহীর সঙ্গে সকল রুটে ট্রেন চলাচল স্বাভাবিক হয়। তিনি আরও জানান, গতকাল সোমবার ৬টা ২০মিনিটে ট্রেনটি রাজশাহী রেলওয়ে স্টেশন থেকে ছেড়ে যায়। এর কিছুক্ষণ পর ৬টা ৩৬মিনিটে বেলপুকুরে একটি বগির দুটি চাকা লাইনচ্যুত হয়ে যায়। এটি রাজশাহী থেকে ছেড়ে যাওয়া দিনের প্রথম ট্রেন। সেটি আটকে থাকায় রাজশাহীর সঙ্গে দেশের অন্যান্য ৭-এর পাতায় দেখুন



## সিংড়ায় ৪৬তম বিজ্ঞান ও প্রযুক্তি মেলা উদ্বোধন

সামাউন আলী, সিংড়া ( নাটোর) প্রতিনিধি:

"জ্ঞান-বিজ্ঞানে করবো জয়, সেরা হবো বিশ্বময়" এই স্লোগানকে সামনে রেখে নাটোরের সিংড়ায় ৪৬তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা ২০২৫ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।সিংড়া উপজেলা প্রশাসনের আয়োজনে সোমবার (১৩ ডিসেম্বর) দুপুর ১২টায় উপজেলা পরিষদ হলরুমে মেলার শুভ উদ্বোধন করেন, উপজেলা নির্বাহী অফিসার মাজহারুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আমিনুর রহমান, এটিও আব্দুল মতিন, সিনিয়র মৎস্য কর্মকর্তা শাহাদাত হোসেন, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা তাশরিফুল ইসলাম, সিংড়া মডেল প্রেসক্লাবের সভাপতি এসএম রাজু আহমেদ, সাধারন সম্পাদক জুলহাস কায়েম, যুগ্ম-সাধারণ সম্পাদক রবিন খান'সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।



## টিউলিপের পর এবার যুক্তরাজ্যে আলোচনায় সালমানপুত্র শায়ান

**আন্তর্জাতিক ডেস্ক :** দুর্নীতির অভিযোগে ব্রিটিশ প্রতিমন্ত্রী ও শেখ হাসিনার ভাগ্নি টিউলিপ সিদ্দিককে ঘিরে যুক্তরাজ্যে চলছে তোলপাড়। একই সময়ে আলোচনা শুরু হয়েছে আহমেদ শায়ান ফজলুর রহমানকে ঘিরেও। বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও ব্যবসায়ী সালমান এফ রহমানের ছেলে শায়ান ব্রিটিশ রাজার হাত ধরে যুক্তরাজ্যে গড়ে ওঠা একটি দাতব্য সংস্থার বাংলাদেশ চ্যাপ্টারের প্রধান। সালমান ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগ নিয়ে অনুসন্ধান করছে দুদক। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) গত অগাস্টেই সালমান, তার ছেলে শায়ান ও ৭-এর পাতায় দেখুন

**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.

## মালয়েশিয়ার সাথে ভারসাম্যপূর্ণ

জানিয়ে বাণিজ্য উপদেষ্টা বলেন, রমজান মাসে বাংলাদেশে ভোজ্যতেলের চাহিদা বেড়ে যায়। দেশে পামওয়েলের চাহিদাও রয়েছে। মালয়েশিয়ার হাইকমিশনার বলেন, মালয়েশিয়া ইলেকট্রিক চিপস ও সেমিকন্ডাক্টর খাতে বিপুল বিনিয়োগ করেছে। এখাতে সেমি কন্ডাক্টর ডিজাইনারসহ প্রচুর দক্ষ জনবল প্রয়োজন। বাংলাদেশী শিক্ষার্থীদের তাদের দেশে প্রশিক্ষণ ও শিক্ষাদানের মাধ্যমে দক্ষ করে সেখানে কাজের সুযোগ করে দিতে চায়। এসময় তিনি দক্ষ মানব সম্পদ তৈরিতে সহযোগিতা বাড়ানোরও প্রতিশ্রুতি দেন। হাইকমিশনার মোহাম্মদ শোহাদা অথমান আরও বলেন, বিশ্বব্যাপী হালাল ফুডের জনপ্রিয়তা বাড়ছে। মালয়েশিয়ায় হালাল ফুডের বাজার ১১৩ বিলয়ন ডলার। ২০৩১ সালে বিশ্বে এ বাজারের আকার দাড়াবে ৬ ট্রিলিয়ন ডলারে। মুসলিম দেশ হিসেবে বাংলাদেশের উচিত হালাল ফুডের বাজার লক্ষ করে প্রস্তুতি নেওয়া। এসময় হাইকমিশনার হালাল ফুড প্রস্তুত ও সার্টিফিকেশনে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

## মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আবারও বাড়তে

কর্মীরা। আর এ কারণে ব্যাংক রেট বাড়লে বা কমলে এসব প্রতিষ্ঠানের কর্মীর ঋণের খরচ বাড়ে বা কমে। বিগত ২০০৩ থেকে ২০২০ সাল পর্যন্ত ব্যাংক রেট ছিল ৫ শতাংশ। ২০২০ সালের জুলাইয়ে এক নির্দেশনার মাধ্যমে ব্যাংক রেট কমিয়ে ৪ শতাংশে নামানো হয়। ওই বছরের ৩০ জুলাই রেপোর সুদহার কমিয়ে ৪ দশমিক ৭৫ শতাংশ আর রিভার্স রেপো সুদহার নির্ধারণ করা হয় ৪ শতাংশ। এর সঙ্গে সামঞ্জস্য রাখতে ব্যাংক রেট ১০০ বেসিস পয়েন্ট কমিয়ে ৪ শতাংশে নামানো হয়েছিল। মূল্যস্ফীতি বাড়তে থাকায় ২০২২ সালের ৩০ মে প্রথমে রেপোর সুদহার বাড়ানো হয়। রেপোর সুদহার ৪ দশমিক ৭৫ শতাংশ থেকে টানা ১৩ দফা বাড়িয়ে সর্বশেষ গত অক্টোবরে ১০ শতাংশ করা হয়েছে। স্পেশাল রেপোর সুদহার ১১ দশমিক ৫০ শতাংশ এবং রিভার্স রেপোর সুদহার ৪ শতাংশ থেকে এখন সাড়ে ৮ শতাংশ নির্ধারণ করা হয়েছে। তবে ৪ শতাংশ ব্যাংক রেট অপরিবর্তিত রাখা হয়েছে।

## সিগারেটের দাম কমপক্ষে ১০ শতাংশ

সংগঠনগুলোর দাবি অনুসারে কার্যকর করারোপ করা গেলে তার তুলনায় ১১ থেকে ২৮ শতাংশ পর্যন্ত বাড়তি রাজস্ব আয় করা সম্ভব হতো। উন্নয়ন সমন্বয়ের হেড অব প্রোগ্রামস শাহীন উল আলমের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে আরও ছিলেন সাবেক জাতীয় ফুটবলার কায়সার হামিদ, সাবেক জাতীয় ফুটবলার শেখ মোহাম্মদ আসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের অধ্যাপক ড. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মানবিক বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাজমুল ইসলাম প্রমুখ।

## বেনজীর এবং বড় মেয়ের আয়কর

আদালত দুদকের পৃথক দুই আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। এদিন দুই মামলার তদন্ত কর্মকর্তা কমিশনের উপপরিচালক হাফিজুল ইসলাম তাদের আয়কর নথি জব্দ চেয়ে আবেদন করেন। দুদকের পক্ষে প্রসিকিউটর মাহমুদ হোসেন জাহাঙ্গীর শুনানি করেন। শুনানি শেষে আদালত তাদের আয়কর নথি জব্দের আদেশ দেন। উল্লেখ্য গত ৮ জানুয়ারি একই আদালত বেনজীরের স্ত্রী জিশান মির্জা ও ছোট মেয়ে তাহসিন রাইসা বিনতে বেনজীরের আয়কর নথি জব্দের আদেশ দেন। এর আগে গত ১৫ ডিসেম্বর সাবেক আইজিপি বেনজীর আহমেদ এবং তার স্ত্রী-সন্তানদের বিরুদ্ধে চারটি মামলা করে দুদক। মামলার অভিযোগে বলা হয়, বেনজীর ৯ কোটি ৪৪ লাখ টাকা জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন এবং ২ কোটি ৬২ লাখ টাকা সম্পদের তথ্য গোপন করেছেন। জীশান মীর্জা ৩১ কোটি ৬৯ লাখ টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন এবং ১৬ কোটি ১ লাখ টাকার তথ্য গোপন করেছেন। ফারহীন রিশতা বিনতে বেনজীর ৮ কোটি ৭৫ লাখ টাকা এবং তাহসীন রাইসা বিনতে বেনজীর ৫ কোটি ৫৯ লাখ টাকার অবৈধ সম্পদ অর্জন করেছেন।

## বছরের পর বছর নিলামের অপেক্ষায়

আমদানি-রপ্তানির ৯২ শতাংশ পণ্য চট্টগ্রাম বন্দর দিয়ে পরিবাহিত হয়ে থাকে। চট্টগ্রাম বন্দর দিয়ে আমদানি এবং রপ্তানি পণ্য থেকে চট্টগ্রাম কাস্টম হাউজ বছরে প্রায় ৬৫ হাজার কোটি টাকা রাজস্ব আদায় করে। বিধি অনুযায়ী কোনো পণ্য খালাসের পর ৩০ দিনের মধ্যে আমদানিকারক ডেলিভারি না নিলে তা নিলামযোগ্য হয়ে যায়। পরবর্তী সময়ে সেগুলো নিলাম বা ধ্বংস করার এখতিয়ার চট্টগ্রাম কাস্টমসের রয়েছে। বিশ্বের সব বন্দরে কনটেইনার থেকে পণ্য নামিয়ে কনটেইনার খালি করে দিলেও এদেশে ব্যতিক্রম। তাছাড়া কনটেইনার নিলামে বিক্রি না হলে পণ্য ধ্বংস করার পর কনটেইনার ভাড়া বাবদ শিপিং কোম্পানিগুলো কোনো টাকা পায় না। তবে নিলামে বিক্রি করা হলে বিক্রির একটি অংশের টাকা শিপিং কোম্পানি পেয়ে থাকে। কিন্তু নিলামের চেয়ে ধ্বংসই বেশি হয়। আর তখন উল্টো টাকা দিয়ে ধ্বংস করতে হয়। বর্তমানে ২০ ফুটের একটি কনটেইনারের বাজারমূল্য প্রায় চার লাখ টাকা ও ৪০ ফুট কনটেইনারের মূল্য ৬ লাখ টাকা। আর ২০ ফুটের একটি ফ্রিজার কনটেইনারের মূল্য ৫০ লাখ টাকা ও ৪০ ফুটের ফ্রিজার কনটেইনারের মূল্য প্রায় ৬০ লাখ টাকা। ওসব কনটেইনার নষ্ট হলে শিপিং কোম্পানিগুলো আর্থিকভাবেও ক্ষতিগ্রস্ত হয়। নষ্ট হলে একটি কনটেইনার থেকে ক্ষতি গড়ে ৬ লাখ টাকা। তাহলে ৯ হাজার কনটেইনারে ক্ষতি ৫৪০ কোটি। আবার এক বছর ভয়েস করতে না পারলে একটি কনটেইনার বঞ্চিত হচ্ছে গড়ে ৭০ লাখ টাকা। তাহলে ৯ হাজার কনটেইনার থেকে বঞ্চিত হচ্ছে ৬ হাজার ৩০০ কোটি টাকা বছরে। ১৩ বছর আটকে থাকলে ক্ষতি ৮১ হাজার ৯০০ কোটি টাকা। এ হিসাবে কনটেইনারগুলো যথাসময়ে খালি করতে না পারায় মোট ৮২ হাজার ৪৪০ কোটি টাকা ক্ষতি হচ্ছে। এর সঙ্গে রয়েছে আবার পণ্যের মূল্যও।

সূত্র আরো জানায়, কনটেইনারের পণ্য নিলাম বা ধ্বংস প্রক্রিয়ায় কাজটি চট্টগ্রাম কাস্টমস করে থাকে। সাধারণত প্রথম নিলামে ভিত্তি মূল্যের ৬০ শতাংশ দাম পাওয়া না গেলে দ্বিতীয় নিলামে ওঠে। দ্বিতীয় নিলামে আবার প্রথম নিলামের সমান মূল্য পাওয়া না গেলে তৃতীয় নিলামে যেতে হয়। এভাবেই নিলাম বিলম্বিত হচ্ছে। আবার কোনো পণ্যের ওপর মামলা থাকলে তা নিলামও করা যায় না। সব মিলিয়ে কাস্টমস চাইলেও পণ্য নিলাম বা ধ্বংস করতে পারে না। আবার পণ্য সরিয়ে কনটেইনার খালি করে দিলে পণ্যটি উন্মুক্ত হয়ে যায়। তখন পণ্যের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠবে। তাছাড়া ওসব পণ্য রাখার পর্যাপ্ত জায়গারও বিষয় রয়েছে। সব মিলিয়ে তা সম্ভব নয়। এদিকে এ বিষয়ে বাংলাদেশ শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট সৈয়দ মোহাম্মদ আরিফ জানান, বছরের পর বছর কনটেইনার আটকে থাকায় শিপিং কোম্পানিগুলো এমনিতে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাদের ওপর আবার রেফার কনটেইনারের বিদ্যুৎ বিল বাড়তি বোঝা। আবার কখনো রেফার কনটেইনারগুলো দীর্ঘদিন পড়ে থাকার কারণে অকেজো হয়ে যায়। তখন তো শিপিং কোম্পানিগুলোর পুরোটাই লস।

অন্যদিকে এ বিষয়ে জানতে চাইলে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সচিব ওমর ফারুক জানান, বন্দর কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের (৩০ দিন) পর কাস্টমসের কাছে পণ্যসহ কনটেইনারগুলোর ডকুমেন্টারি হস্তান্তর করে। কিন্তু বাস্তবে সেগুলো বন্দরের জেটিতে রয়ে যায়। পদ্ধতিগত নানা জটিলতায় পণ্যগুলো নিলাম বা ধ্বংস প্রক্রিয়া বিলম্বের কারণে বন্দর কর্তৃপক্ষ যেমন ক্ষতিগ্রস্ত হচ্ছে, তেমনি এর সঙ্গে জড়িত শিপিং কোম্পানিসহ সংশ্লিষ্টরাও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

## বিশ্ববাজারে বেড়েছে

এই নিষেধাজ্ঞার কারণে রাশিয়ার তেলের মূল ক্রেতা চীন ও ভারতের তেল কেনা ব্যাহত হবে উল্লেখ করে প্রতিবেদনে বলা হয়, তারা হয়তো আবারও মধ্যপ্রাচ্য থেকে তেল কেনা বাড়াতে বাধ্য হবে। এ কারণে তাদের কেনা তেলের দাম বাড়বে, এমনটাই অভিমত বিশ্লেষক ও ব্যবসায়ীদের। রয়টার্সের প্রতিবেদনে আরও বলা হয়, বিশেষ করে নিষেধাজ্ঞার তালিকায় তেলবাহী ট্যাংকারের সংখ্যা দ্বিগুণ হওয়ার পর রাশিয়ার তেল-বাণিজ্যে এর প্রভাব পড়বে। কারণ, এসব ট্যাংকারের মধ্যে অনেক ট্যাংকার ভারত ও চীনে তেল সরবরাহ করত। এমনকি এগুলোর মধ্যে কিছু ট্যাংকার ইরানের তেলও পরিবহন করত। এ ছাড়া শীতকালে বিশ্ববাজারে অপরিশোধিত তেলের চাহিদা বেড়ে যায়। সেই সঙ্গে বাড়ে দামও। প্রসঙ্গত, দীর্ঘদিন দাম কম থাকার পর ২০২১ সাল থেকে বিশ্ববাজারে তেলের দাম বাড়তে শুরু করে। পরে ২০২২ সালে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হলে অপরিশোধিত জ্বালানি তেলের দাম ব্যারেলপ্রতি সর্বোচ্চ বেড়ে দাঁড়ায় ১৩৯ মার্কিন ডলারে। একইসঙ্গে সে বছর গড়ে তেলের দাম ১০০ ডলারের ওপরে ওঠে। এরপর থেকে অবশ্য দাম কমতে শুরু করে। যারই ধারাবাহিকতায় ২০২৩ সালে ব্যারেলপ্রতি অপরিশোধিত জ্বালানি তেলের দাম হয় ৯৮ মার্কিন ডলার। আর গড় দাম ছিল ৮৩ ডলার। এরপর থেকে তেলের দাম বাড়ানোর জন্য জ্বালানি তেল উৎপাদনকারী দেশগুলোর প্রভাবশালী সংগঠন ওপেকের পক্ষ নানান সিদ্ধান্ত গ্রহণের পরও দাম তেমন একটা বাড়েনি। এমনকি মধ্যপ্রাচ্যে হামাস-ইসরায়েল যুদ্ধ শুরু হওয়ার পরও তেলের দামে সেই অর্থে কোনো প্রভাব পড়েনি। কিন্তু নতুন এই মার্কিন নিষেধাজ্ঞার পর পরিস্থিতি বদলাতে শুরু করেছে। ধীরে ধীরে বাড়ছে তেলের দাম।

## গাজীপুরে শিক্ষককে মারধর করা

না রাখার নির্দেশ প্রদান করা হয়েছে। জাতীয়তাবাদী কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি আব্দুল মোনায়েম মুন্না এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ নুরুল ইসলাম নয়ন ইতোমধ্যে এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উল্লেখ্য, গত রোববার সকালে কালিয়াকৈর উপজেলার চন্দ্রা ত্রিমোড় এলাকায় বঙ্গবন্ধু সরকারি উচ্চবিদ্যালয়ের অফিসকক্ষে বশির উদ্দিন ও প্রধান শিক্ষক আনন্দ কুমার গল্প করছিলেন। এ সময় গাজীপুর জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক রাশেদুল ইসলাম রনির নেতৃত্বে উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক রিপন আহমেদ, যুবদল কর্মী রাকিব হাসানসহ কয়েকজন লাঠিসোঁটা নিয়ে বিদ্যালয়ের অফিসকক্ষে প্রবেশ করেন। তারা ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষক বশির উদ্দিনকে জোর করে ধরে বিদ্যালয়ের প্রধান ফটকে নিয়ে যান। সেখানে এলোপাতাড়ি মারধর করা হয়। তখন জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক রাশেদুল ইসলাম রনিসহ তার ১৫-২০ জন সহযোগী উপস্থিত ছিলেন। এ সময় শিক্ষককে রক্ষা করতে গেলে বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী রিজভী আহমেদ সজিবকেও মারধর করা হয়। পরে বিদ্যালয়ের দফতরিসহ স্থানীয়রা আহত দুজনকে উদ্ধার করে কালিয়াকৈর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

শিক্ষককে মারধরের ঘটনা সংবাদমাধ্যমে প্রকাশ হওয়ার পর সোশাল মিডিয়ায় ভাইরাল হয় এবং নিন্দার ঝড় ওঠে। সাধারণ মানুষের মধ্যে সৃষ্টি হয় চাপা ক্ষোভ। অভিযুক্তদের দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি তোলে সচেতন মহল।

## রাজস্ব ঘাটতি মেটাতে কিছু পণ্যে

বাম্পার ফলন হলে চাল বিদেশ থেকে আমদানি করতে হবে না। তিনি বলেন, অন্তর্বর্তী সরকারের প্রথম দায়িত্ব বিদেশ থেকে খাদ্য আমদানি করা এবং দেশের বিভিন্ন স্থানে সেই খাদ্য সঠিকভাবে পৌঁছানো। দেশের চালের বাজার স্থিতিশীল রাখতে আমদানি কার্যক্রম সহায়ক হবে। ওএমএস-এর সুবিধা বাড়ানোর চিন্তা করা হচ্ছে। এরই মধ্যে প্রতি উপজেলায় দুই টন করে চাল দেওয়া হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচিতে আগামী দুই মাস দেশের ৫০ লাখ উপকারভোগী মাত্র ১৫ টাকা কেজিতে ৩০ কেজি করে চাল পাবেন। খাদ্য মন্ত্রণালয়ের দুর্নীতি নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে আলী ইমাম মজুমদার বলেন, খাদ্য মন্ত্রণালয়ে কিছু অনিয়ম রয়েছে, সেই সম্পর্কে দুদক অনুসন্ধান করছে। ভবিষ্যতে এ অনুসন্ধান চলবে। এসময় মাদারীপুর জেলা প্রশাসক ইয়াসমিন আক্তার, পুলিশ সুপার মো. সাইফুজ্জামান, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. হাবিবুল আলমসহ অন্যরা উপস্থিত ছিলেন।

## তিতুমীর এক্সপ্রেসের বগি লাইনচ্যুত,

রুটের ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। তিনি বলেন, 'সোমবার সকালে রাজশাহী থেকে ঢাকাগামী আন্তনগর সিল্কসিটি এক্সপ্রেস ও বিরতিহীন বনলতা এক্সপ্রেস ছেড়ে যেতে পারেনি। এ ছাড়া মধুমতি এক্সপ্রেস ট্রেন হরিয়ান স্টেশনে আটকে পড়ে। উদ্ধারকাজ শেষ হওয়ার পর তিন থেকে চার ঘণ্টা বিলম্বে সব ট্রেন চলাচল শুরু করে। পশ্চিমাঞ্চল রেলওয়ের অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার আবদুর রশিদ বলেন, 'উদ্ধারে রেলওয়ের কর্মীরা কাজ করেছেন। স্টেশনে থেমে থাকা ট্রেনগুলো পর্যায়ক্রমে ছেড়ে যাওয়ায় যাতায়াত পথ স্বাভাবিক হচ্ছে।

## গণভবনে মিলেছে টিউলিপের

ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার বোন শেখ রেহানার মেয়ে। টিউলিপের বিরুদ্ধে হাসিনা সরকারের দুর্নীতি থেকে সুবিধা নেওয়ার অভিযোগ উঠেছে। গত শনিবার দ্য টাইমস হাসিনার বাসভবন গণভবনে প্রবেশের অনুমোদন পায়। সেখানে গিয়ে অন্যান্য জিনিসের সঙ্গে টিউলিপের প্রচারপত্রও দেখতে পায়। গণভবনে বহু কক্ষ রয়েছে। ১৮ একর বাগানও রয়েছে। রয়েছে একটি লেকও। সেই লেকেই হাসিনা মাছ ধরতেন। কাছাকাছিই জাতীয় সংসদ ভবন। হাসিনার পতনের পর বিক্ষুব্ধ জনতা গণভবনে লুটপাট চালায়। তারা বিভিন্ন ফার্নিচার, অর্থ, ফ্রিজ, শাড়ি, গয়না, দামি মাছ-মাংস নিয়ে যায়। এরপরও অনেক জিনিস ধুলা-ধ্বংসাবশেষর মধ্যেই সেখানে পড়ে রয়েছে। কিছু জিনিস ফেরত এসেছে এবং সেগুলো একটি আলাদা ঘরে রাখা আছে। গণভবনে একটি নোট পাওয়া গেছে, যাতে বিশিষ্ট এক ব্রিটিশ ব্যারিস্টারের আইনি পরামর্শ ছিল। হাসিনার শাসনব্যবস্থা নিয়ে একটি আন্তর্জাতিক গণমাধ্যমের অনুসন্ধানী সাংবাদিকতার প্রকাশনা বন্ধের বিষয়েই ওই ব্রিটিশ ব্যারিস্টার আইনি পরামর্শ দেন। পাশেই পড়ে ছিল বিদেশি ব্যাংক অ্যাকাউন্ট খোলার আবেদন ফরম। গণভবনে একটি সিঁড়ির ওপরের অংশে টিউলিপ সম্পর্কিত কিছু জিনিসপত্র পাওয়া যায়। এর মধ্যে একটি ছিল ধন্যবাদপত্র। হ্যাম্পস্টেড ও কিলবার্নের এমপি নির্বাচিত হওয়ার পর তিনি স্থানীয় লেবার পার্টি সদস্যদের উদ্দেশে ওই ধন্যবাদপত্র পাঠিয়েছিলেন। আরেকটি ছিল টিউলিপের ২০২২ সালের বার্ষিক প্রতিবেদন, যেখানে তিনি জীবনযাত্রার ব্যয় সংকটের শিকার মানুষের সাহায্যের বিষয়টি তুলে ধরেন। টিউলিপ এর আগে বারবার তার খালার শাসন থেকে নিজেকে আলাদা প্রমাণের চেষ্টা করেছেন। ২০১৭ সালে তিনি বলেছিলেন, তারা কখনোই রাজনীতি নিয়ে আলোচনা করেননি। হাসিনার শাসনামলে বাংলাদেশে এক ব্যারিস্টার গুম হওয়ার বিষয়ে ওই বছর টিউলিপকে প্রশ্ন করেছিলেন এক ব্রিটিশ সাংবাদিক। এতে ক্ষেপে গিয়ে তিনি ওই অন্তঃসত্ত্বা সাংবাদিককে হুমকি দেন এবং পুলিশে অভিযোগও করেন। সম্প্রতি ফ্ল্যাট বিতর্কেও নাম এসেছে টিউলিপের। যুক্তরাজ্যে একাধিক ফ্ল্যাট তিনি বা তার পরিবার হাসিনার রাজনৈতিক ঘনিষ্ঠদের কাছ থেকে পাওয়ার বিষয়টিও সামনে এসেছে। বাংলাদেশেও টিউলিপের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে তদন্ত চলছে। এমন পরিস্থিতিতে তার পদত্যাগের দাবিও উঠেছে।

## ইভিএম প্রকল্পে গচ্চা

করা কাজী হাবিবুল আউয়ালের নেতৃত্বাধীন কমিশনও। দ্বাদশ জাতীয় নির্বাচনে শুরুতে দেড়শ আসনে ইভিএমে ভোট করার পরিকল্পনা নেয় তারা। সেজন্য নির্বাচন সামনে রেখে অকেজো মেশিন মেরামত, সংরক্ষণ প্রভৃতির জন্য তারা ৮ হাজার ৭১১ কোটি টাকার প্রকল্প প্রস্তাব দেয় সরকারের কাছে। তবে ওই সময় চরম অর্থনৈতিক সংকট থাকায় সরকার সেটি নাকচ করে দিতে বাধ্য হয়। তবে বড় প্রকল্প বাতিল হয়ে গেলেও বসে থাকেনি কমিশন। ফলে হাতে থাকা পুরোনো ইভিএমগুলো সচল রাখতে আবারো ১ হাজার ২৫৯ কোটি ৯০ লাখ টাকার চাহিদাপত্র দেয় আউয়াল কমিশন। ইভিএম মেরামতের জন্য প্রয়োজনীয় টাকা বরাদ্দ চেয়ে চিঠি চালাচালি এবং অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে একাধিক বৈঠকের পরও ইতিবাচক সাড়া না পেয়ে চরম হতাশ হয় সংস্থাটি। আর ৭ই জানুয়ারি অনুষ্ঠিত জাতীয় নির্বাচনে কোনো আসনেই ইভিএমে ভোট গ্রহণ না করে সব আসনেই ব্যালটে ভোট নেয়া হয়। অন্যদিকে দেশের বিভিন্ন স্থানে পড়ে থাকা ইভিএমগুলো বর্তমানে ময়লা আবর্জনার ভাগাড়ে পরিণত হয়েছে।

## টিউলিপের পর এবার যুক্তরাজ্যে

পুত্রবধূ শাজরেহ রহমানের ব্যাংক হিসাব অবরুদ্ধ করেছে।শনিবার সেই খবর প্রকাশ করে যুক্তরাজ্যের সংবাদমাধ্যম ডেইলি মেইল এক প্রতিবেদনে লিখেছে, শায়ান ব্রিটিশ মন্ত্রী টিউলিপ সিদ্দিকের 'পারিবারিক বন্ধু'। তিনি বাংলাদেশের 'ধনকুবের' সালমান এফ রহমানের ছেলে। দুর্নীতির অভিযোগ বাংলাদেশে তার ব্যাংক অ্যাকাউন্ট জব্দ হয়েছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, টিউলিপের খালা শেখ হাসিনা লন্ডনে এলে শায়ানের ১৩ মিলিয়ন পাউন্ডের বাড়িতে 'বিনাভাড়ায়' থাকতেন। টিউলিপের মা শেখ রেহানা লন্ডনের গোল্ডার্স গ্রিনে যে বাড়িতে বিনা ভাড়ায় থাকেন, সেটির মালিক শায়ান রহমানের নিয়ন্ত্রণাধীন একটি অফেশোর কোম্পানি। ডেইলি মেইল আরো জানিয়েছে, দারিদ্র দূরীকরণের লক্ষ্যে ২০০৭ সালে ব্রিটিশ রাজা চার্লসের উদ্যোগে প্রতিষ্ঠিত হয় দাতব্য সংস্থা 'ব্রিটিশ এশিয়ান ট্রাস্ট'। শায়ান রহমান বর্তমানে এই সংস্থার উপদেষ্টা কাউন্সিলের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

একসময় তিনি তাদের পারিবারিক ব্যবসা বেক্সিমকো গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ছিলেন। তবে, ব্রিটিশ এশিয়ান ট্রাস্টের ওয়েবসাইটে এখনও তার পরিচয় বেক্সিমকো গ্রুপের সিইও হিসেবে উল্লেখ করা রয়েছে। শায়ানের প্রশংসা করে বাকিংহাম প্যালেসের এক নৈশভোজে রাজা চার্লস বলেছিলেন, "আমাদের সঙ্গে যারা কাজ করে, আমরা তাদের মতোই ভালো। তাই আমি আনন্দিত যে, শায়ান রহমান বাংলাদেশে আমাদের নতুন প্রকল্পটি দেখভাল করার পাশাপাশি তাতে সহযোগিতা করবেন।"ডেইলি মেইল লিখেছে, দুর্নীতির অভিযোগ ওঠার পরও ট্রাস্টের চেয়ারম্যান পদে বহাল আছেন শায়ান। এ বিষয়ে এক বিবৃতিতে ব্রিটিশ এশিয়ান ট্রাস্ট বলেছে, "আমরা শায়ান রহমানের বিরুদ্ধে ওঠা অভিযোগের বিষয়ে অবগত। আমরা বাংলাদেশের ঘটনাপ্রবাহের দিকে নজর রাখছি।" অভিযোগের বিষয়ে শায়ানের এক মুখপাত্রের বক্তব্যও তুলে ধরেছে ডেইলি মেইল। তিনি বলেন, "শায়ান রহমানের জন্ম যুক্তরাজ্যে। তিনি একজন ব্রিটিশ নাগরিক এবং আন্তর্জাতিক ব্যবসায়ী। তিনি কিংবা তার স্ত্রী কখনো কোনো অপরাধে অভিযুক্ত হননি।" "সাবেক প্রধানমন্ত্রীর সঙ্গে সম্পৃক্ততার কারণে অন্য ৩০০ জনের সঙ্গে কেবল বাংলাদেশেই তাদের ব্যাংক হিসাব অবরুদ্ধ করা হয়েছে। এটা পুরোপুরি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত পদক্ষেপ।"

## দ্রুত নির্বাচনের ব্যবস্থা না করলে

উল্লেখ করে কর্নেল অলি আহমদ বলেন, আমরা সংস্কার চাই। গত ৬ মাসে কোনো দুর্নীতিবাজ-লুটেরাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে দেখিনি। আশানুরূপ সংস্কার কাজে অগ্রগতি না হওয়ায় জাতি হতাশ। জাতি অন্তর্বর্তীকালীন সরকারের কাছে অনেক কিছু আশা করেছিল। আমি মনে করি তারা অপারগ। তাদের সেই দক্ষতা, অভিজ্ঞতা ও কর্মস্পৃহা নেই। রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় নতুন রাজনৈতিক দল গঠনের চেষ্টা চলছে অভিযোগ করে এলডিপি সভাপতি বলেন, এভাবে চলতে থাকলে বর্তমান সরকার জনরোষে পড়বে। বর্তমান সরকারের উপদেষ্টারা ঠিকমতো তাদের দায়িত্ব পালন করছে না।

## জবির অনশনরত ১৪ শিক্ষার্থী অসুস্থ

স্টাডিজ বিভাগের ১৫ ব্যাচের ফয়সাল মুরাদ, আশিকুর রহমান আকাশ, ফেরদৌস শেখ, জুবায়ের রিওন, শের আলী, সোহাগ আহমেদ ও শাখা ছাত্র অধিকার পরিষদের সভাপতি একেএম রাকিব। এ বিষয়ে মেডিকেল সেন্টারের সিনিয়র অফিসার মো. রাকিব হোসেন বলেন, অসুস্থদের তানজিলের ব্লাড প্রেসার কমে গেছে। দুপুরের পর থেকে তার প্রস্রাবও হয়নি, শরীরে পানিশূন্যতাও দেখা দিয়েছে। তার চিকিৎসা চলছে, স্যালাইন লাগিয়ে রাখা হয়েছে। আর অন্যদের মধ্যে তাওহীদের ব্লাড প্রেসার কিছুটা বেড়েছে। আপাতত তাকে স্যালাইন দেওয়া বন্ধ করা হয়েছে বলেও জানান রাকিব হোসেন। তিনি জানান, অন্যদের মধ্যে ফয়সালের চোখ দেবে গেছে, তাকেও স্যালাইন দিতে হবে। রাকিব হোসেন বলেন, সবমিলিয়ে এখন পর্যন্ত অসুস্থ হয়েছেন ১৪ জন। তাদের আমরা প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর ন্যাশনাল মেডিক্যালে রেফার করেছি।

## আশুলিয়ায় পাওনা টাকার দাবিতে

বিষয়টি নিয়ে গত রোববার ত্রিপক্ষীয় বৈঠক হয়। সেখানে শ্রমিকদের দাবি অনুযায়ী পাওনাদি পরিশোধে রাজি নয় মালিকপক্ষ। ফলে গত রোববার কোনো সমাধান হয়নি। তাই গতকাল সোমবার শ্রমিকরা সড়ক অবরোধ করে। আবার শ্রমিক প্রতিনিধি, মালিকপক্ষ, পুলিশ ও বিজিএমইএ সঙ্গে আলোচনা চলছে।

## জামায়াত আমিরের সঙ্গে ব্রাজিলের

আমীর ও সাবেক এমপি ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের, সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুম, মাওলানা রফিকুল ইসলাম খান, মাওলানা আবদুল হালিম ও এডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য, কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি মতিউর রহমান আকন্দ, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য জনাব মোবারক হোসাইন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের আমীর জনাব মুহাম্মদ সেলিম উদ্দিন।

## মমতাজ উদ্দিনের জামিন আপাতত

মেহেদীকে গ্রেপ্তার করে পুলিশ। উত্তরা পশ্চিম থানার ওসি মো. হাফিজুর রহমান বলেন, গোপন তথ্যের ভিত্তিতে উত্তরা থেকে মমতাজ উদ্দিন মেহেদীকে গ্রেপ্তার করা হয়েছে। তিনি বলেন, মমতাজ উদ্দিন মেহেদীর মোবাইল ফোনে আওয়ামী লীগের 'গণতন্ত্র পুনরুদ্ধার' কর্মসূচির নামে দেশে অরাজকতা সৃষ্টির পাঁয়তারা চেষ্টার তথ্য-প্রমাণ পাওয়া গেছে। তিনি সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন গ্রুপে দেশে অস্থিতিশীলতা সৃষ্টির পাঁয়তারা চালিয়ে যাচ্ছিলেন। এ ঘটনায় অ্যাডভোকেট মেহেদীর বিরুদ্ধে সন্ত্রাস দমন আইনে একটি মামলা হয়। এছাড়া তার বিরুদ্ধে উত্তরা পশ্চিম থানায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে হত্যার অভিযোগে মামলাও রয়েছে।

## আবারো সচিবালয়ের সামনে অবস্থান

অবস্থান কর্মসূচি পালন রেন। তাদের প্রতিনিধিদলের সঙ্গে স্বরাষ্ট্রসচিব দেখা করে দাবির বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। কিন্তু এখন পর্যন্ত অব্যাহতিপ্রাপ্ত শিক্ষানবিশ উপ-পরিদর্শকদের বিষয়ে দৃশ্যমান পদক্ষেপ দেখতে না পাওয়ায় তারা এসেছেন। সিদ্ধান্ত না আসা পর্যন্ত তাদের এ কর্মসূচি চলবে। নাম প্রকাশ না করার শর্তে অব্যাহতিপ্রাপ্ত শিক্ষানবিশ এক উপ-পরিদর্শক বলেন, ২০২৩ সালের ৪ নভেম্বর ট্রেনিংয়ে অংশ নিই। আমাকে অব্যাহতি দেওয়া হয় ২০২৪ সালের ৪ নভেম্বর। আমাকে বলা হচ্ছে, ক্লাসে অমনোযোগী এবং বিশৃঙ্খলা সৃষ্টিকারী। কিন্তু আমি অর্ধ-বার্ষিক পরীক্ষায় ১০০ জনের মধ্যে ছিলাম। অমনোযোগী থাকলে তো এমন ফল হওয়ার কথা নয়। আরেকজন বলেন, আমরা এক বছর অনেক ত্যাগ স্বীকার করে প্রায় বিনা বেতনে ট্রেনিং করেছি। যখন চাকরিতে নিয়মিত হবো, ঠিক তখনই আমাদের বাদ দেওয়া হলো। তুচ্ছ অভিযোগে আমাদের অব্যাহতি দেওয়া হয়েছে। পুলিশ একাডেমি সারদার ইতিহাসে একসঙ্গে এতজনকে অব্যাহতি দেওয়ার ঘটনা নজিরবিহীন। ৪০তম ক্যাডেট এসআই ব্যাচে প্রশিক্ষণের জন্য মোট ৮২৩ জন ছিলেন। তারা ২০২৩ সালের ৪ নভেম্বর থেকে রাজশাহীর সারদায় পুলিশ একাডেমিতে বুনিয়াদি প্রশিক্ষণ শুরু করেন। তাদের মধ্যে তিন ধাপে ৩১৩ জন এসআইকে মাঠে ও ক্লাসে বিশৃঙ্খলার অভিযোগ তুলে শোকজ করে একাডেমি। এরইমধ্যে তাদের চাকরি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

## সাড়ে ৪ কোটি টাকার কষ্টিপাথর প্রত্নতত্ত্ব অধিদপ্তরে হস্তান্তর

**স্টাফ রিপোর্টার :** লক্ষ্মীপুরে চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত থেকে সাড়ে ৪ কোটি টাকা মূল্যের কষ্টিপাথর (শিব লিঙ্গ) প্রত্নতত্ত্ব জাদুঘরে প্রদর্শনের জন্য হস্তান্তর করা হয়েছে। পাথরটির উচ্চতা ১০ ইঞ্চি এবং ওজন ৪.৪৮৬ গ্রাম। গতকাল সোমবার সকালে জেলা ও দায়রা জজ মোহাম্মদ শাহীন উদ্দিন কষ্টি পাথরটি আনুষ্ঠানিকভাবে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের চট্টগ্রাম আঞ্চলিক দপ্তরের গবেষণা সহকারী ওমর ফারুকের কাছে হস্তান্তর করেন। গত ৯ জানুয়ারি প্রত্নতত্ত্ব অধিদপ্তরের চট্টগ্রাম ও সিলেট আঞ্চলিক দপ্তর পরিচালক একেএম সাইফুর রহমান আদেশে গবেষণা সহকারী ফারুক আদালত থেকে কষ্টিপাথরটি গ্রহণ করেন। আদালত সূত্র জানায়, ২০১৭ সালের ১০ এপ্রিল রাতে রামগঞ্জ থানার একাধিক মামলার আসামি সুমন মজুমদারকে গ্রেপ্তার করতে হরিসভা ব্রিজ এলাকায় তার বাড়িতে অভিযান চালায় পুলিশ। তাকে বাড়িতে না পেয়ে আসার পথে নতুন মাটি খোড়া ও একটি বস্তার অংশবিশেষ দেখা যায়। পরে বোমা অথবা মাদকদ্রব্য লুকিয়ে রাখা হয়েছে সন্দেহে স্থানীয়দের উপস্থিতিতে মাটি খুঁড়লে চটের বস্তার ভেতর কষ্টিপাথরটি পাওয়া যায়। পরে তা ঢাকায় পাঠিয়ে পরীক্ষা নিরীক্ষা করা হয়। রামগঞ্জ থানার তখনকার এসআই জাহাঙ্গীর আলম বাদী হয়ে ইব্রাহিম মজুমদার, সুমন মজুমদার ও আব্দুস ছাত্তারের নামে মামলা দায়ের করেন। ২০২১ সালের ৩০ জানুয়ারি আদালতে তাদের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করে তদন্তকারী কর্মকর্তা। দীর্ঘ শুনানি ও সাক্ষ্যগ্রহণ শেষে ২০২৪ সালের ২১ মে সিনিয়র দায়রা জজ মোহাম্মদ শাহীন উদ্দিন মামলার রায় দেন। এতে আসামিদের প্রত্যেককে ৩ মাসের সশ্রম কারাদণ্ড ও এক লাখ টাকা করে জরিমানা করা হয়েছে। অনাদায়ে আরও ১০ দিনের সশ্রম কারাদণ্ডের আদেশ দেওয়া হয়। একইসঙ্গে কষ্টিপাথরের পুরাকীর্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করার নির্দেশসহ যথাযথ নিয়ম অনুসারে প্রত্নতত্ত্ব জাদুঘরে প্রদর্শনের জন্য প্রত্নতত্ত্ব অধিদপ্তরের কাছে হস্তান্তর করতে লক্ষ্মীপুর আদালতের মালখানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দেন বিচারক।

## চাঁদপুরে স্ত্রীকে ছুরিকাঘাতে হত্যার পর স্বামীর আত্মহত্যার চেষ্টা

**স্টাফ রিপোর্টার :** চাঁদপুরে স্ত্রীকে ছুরিকাঘাতে হত্যার পর স্বামীর আত্মহত্যার চেষ্টা চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলার নারায়ণপুর শাহারপাড় এলাকায় স্ত্রী লাকী বেগমকে (২৫) ছুরিকাঘাতে হত্যার পর আত্মহত্যার চেষ্টা করেছেন স্বামী মোস্তফা মিয়া (৪৫)। গতকাল সোমবার সকালে খবর পেয়ে মতলব দক্ষিণ থানা পুলিশ শাহারপাড় এলাকায় স্ত্রীর লাশ উদ্ধার ও স্বামীকে আটক করে চাঁদপুর সদর হাসপাতালে পাঠায়। পরে উন্নত চিকিৎসার জন্য সেখান থেকে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। হত্যার শিকার লাকী সারপাড় গ্রামের আন্দী প্রধানীয়া বাড়ির মৃত নজরুল প্রধানীয়ার মেয়ে। লাকীর ৬ বছর বয়সী একটি পুত্র সন্তান রয়েছে। আহত অবস্থায় মোস্তফা মিয়া জানান, তার স্ত্রী মোবাইল ফোনে ভিডিও কলে পরকীয়ায় জড়িয়ে পড়েন। এতে রাত থেকে তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। সকালে পুনরায় কথা কাটাকাটি শুরু হলে স্বামী মোস্তফা ক্ষিপ্ত হয়ে ছুরি দিয়ে স্ত্রীকে আঘাত করেন। পরে সেই ছুরি দিয়ে নিজের পেটে আঘাত করেন। স্থানীয় একাধিক সূত্র জানায়, স্ত্রীর পরকীয়ার কারণে স্বামী-স্ত্রীর মধ্যে কলহ দেখা দেয়। এ ঘটনাকে কেন্দ্র করে স্ত্রীকে ছুরিকাঘাত করে। গ্রেপ্তার মোস্তফা মিয়া কুমিল্লা জেলার তিতাস থানার জগতপুর গ্রামের অটোরিকশাচালক। তাদের ২০০৯ সালে বিয়ে হয়। দাম্পত্য জীবনে এক ছেলে সন্তান রয়েছে। মতলব শাহারপাড় এলাকায় ভাড়া বাড়িতে থাকতেন তারা। মতলব দক্ষিণ থানার ওসি সালেহ আহম্মেদ বলেন, স্ত্রীকে হত্যার পর স্বামী তার পেটে ছুরিকাঘাত করে আত্মহত্যার চেষ্টা করেন। তাকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ পাহারায় তার চিকিৎসা চলছে। এ বিষয় হত্যা মামলা দায়ের করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

## বিসিসির ১৬০ পরিচ্ছন্নতা কর্মীকে ছাঁটাইয়ের প্রতিবাদে মানববন্ধন

**স্টাফ রিপোর্টার :** বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) ১৬০ জন পরিচ্ছন্নতা কর্মীকে ছাঁটাই করার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে। বরিশাল সিটি কর্পোরেশন শ্রমিক ইউনিয়নের উদ্যোগে গতকাল সোমবার বেলা ১১টায় নগর ভবনের সামনে এ মানববন্ধন কর্মসূচির আয়োজন করা হয়। এ সময় শ্রমিকরা বলেন, কোনো ধরনের কারণ দর্শানো কিংবা কোনো ধরনের নোটিশ না দিয়ে ১৬০ শ্রমিককে আকস্মিক ছাঁটাই করা হয়েছে। হঠাৎ চাকরি চলে যাওয়ায় এখন তারা অসহায়। অন্য কোনো পেশার সঙ্গে জড়িত না থাকায় তাৎক্ষণিক বিকল্প কিছু করারও সুযোগ নেই। তাই চাকরি ফিরে পাওয়ার জন্য নগর ভবনের কর্মকর্তাদের দারে দারে গিয়েও ফিরে আসছেন ছাঁটাইকৃতরা। এ সময় বক্তারা ছাঁটাইকৃতদের পুনর্বহালের পাশাপাশি ১ নভেম্বর থেকে সরকার নির্ধারিত বেতন দেওয়ার দাবিও জানান। অন্যথায় কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তারা। আয়োজিত মানববন্ধনে বরিশাল সিটি করপোরেশনের শ্রমিক ইউনিয়নের নেতা ও ছাঁটাইকৃত শ্রমিকরা বক্তব্য দেন। যদিও এ বিষয়ে সিটি করপোরেশন কর্তৃপক্ষ আনুষ্ঠানিক কোনো বক্তব্য দেয়নি। তবে কর্মকর্তারা জানিয়েছেন, ছাঁটাইকৃতদের মধ্যে বেশিরভাগই দীর্ঘদিন ধরে কর্মস্থলে অনুপস্থিত, নয়তো দায়িত্বরত কাজ সঠিকভাবে পরিচালনা করতে পারছিলেন না।

## বান্দরবানে দুর্বৃত্তদের গুলিতে নারী আহত

**স্টাফ রিপোর্টার :** বান্দরবানে দুর্বৃত্তদের ছোড়া গুলিতে উমে প্রু মারমা (৩৪) নামে এক নারী গুরুতর আহত হয়েছেন। গতকাল সোমবার সকালে বান্দরবানের রোয়াংছড়ি উপজেলার তারাছা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের দুর্গম হিমাগ্রী পাড়ায় এ ঘটনা ঘটে। আহত উমে প্রু স্থানীয় রুমেল তঞ্চঙ্গার স্ত্রী। পুলিশ ও স্থানীয় বাসিন্দাদের সূত্রে জানা যায়, গত রোববার উমে প্রু মারমা বান্দরবান সদর থেকে একটি সালিশ বৈঠকে অংশ নিতে রোয়াংছড়ি উপজেলার তারাছা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের দুর্গম হিমাগ্রী পাড়ায় গিয়েছিলেন। ভোরে তিনি খামার বাড়িতে কাজ করতে যাওয়ার সময় হঠাৎ দুর্বৃত্তদের ছোড়া গুলিতে তিনি আহত হন। এসময় তার চিৎকারে এলাকাবাসী জড়ো হয়ে তাকে দ্রুত উদ্ধার করে বান্দরবান সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে যান। পরে তার অবস্থার অবনতি হওয়ায় তাকে প্রথমে বান্দরবান সদর হাসপাতালে ও পরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। বান্দরবানের রোয়াংছড়ি থানার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এসআই শুভ্র মুকুল চৌধুরী জানান, ঘটনার বিস্তারিত অনুসন্ধানে পুলিশ কাজ করছে।

## যুবককে কুপিয়ে-চোখ উপড়ে হত্যা: চেয়ারম্যানকে আসামি করে মামলা

**স্টাফ রিপোর্টার :** ফরিদপুর সদরের কানাইপুরে ওবায়দুর রহমান (৩২) নামে এক যুবককে পিটিয়ে, কুপিয়ে ও চোখ উপড়ে হত্যাকাণ্ডে কোতোয়ালি থানায় একটি হত্যা মামলা হয়েছে। মামলায় খায়রুজ্জামান খাজাকে প্রধান আসামি ও তার ভাই কানাইপুর ইউপি চেয়ারম্যান শাহ মোহাম্মদ আলতাফ হুসাইনসহ ১৫ জনের নাম উল্লেখ করা হয়েছে। এ মামলায় অজ্ঞাত আরও ১০-১৫ জনকে আসামি করা হয়। গতকাল সোমবার সকালে ফরিদপুরের কোতোয়ালি থানার ওসি মো. আসাদউজ্জামান মামলার বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে গত শনিবার দিবাগত রাতে নিহত ওবায়দুর রহমানের মা রেখা বেগম বাদী হয়ে হত্যা মামলাটি করেন। এর আগে গত শুক্রবার বিকেলে ফরিদপুর সদর উপজেলার কানাইপুর মমতাজ ফিলিং স্টেশনে মোটরসাইকেলের তেল আনতে গেলে সেখান থেকে অটোরিকশায় তুলে নিয়ে ওবায়দুর রহমান খানকে কুপিয়ে পিটিয়ে চোখ উপড়ে ফেলে আসামিরা। নিহত ওবায়দুর রহমান সদর উপজেলার কানাইপুর ইউনিয়নের ঝাউখোলা গ্রামের বিল্লাল খানের ছোট ছেলে। পেশায় তিনি একজন কাঠমিস্ত্রি ছিলেন। নিহতের স্ত্রী সুইটি বেগম বলেন, আমার স্বামী অন্যায়ের প্রতিবাদ করতো এটাই তার অপরাধ। একারনে তাকে জীবন দিতে হলো। আমার বিয়ে হয়েছে দুই বছর হলো। ৬ মাস বয়সী একটি সন্তান আছে। আমার সন্তান বাবা ডাকার আগেই তার বাবা চলে গেলো। তিনি আরো বলেন, আমার স্বামীকে ধরে নিয়ে যাওয়ার পর সে বলেছিল আমাকে প্রাণে মারিস না, প্রয়োজন হলে হাত পা কেটে দে। কিন্তু ওরা তা শুনেনি। আমার স্বামীর প্রাণটাই নিয়ে নিলো। খাজাসহ যারা এ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের গ্রেপ্তার করে ফাঁসির দাবি জানান তিনি। ফরিদপুর কোতোয়ালি থানার ওসি মো. আসাদউজ্জামান জানান, যুবক ওবায়দুর রহমান হত্যাকাণ্ডের ঘটনায় তার মা রেখা বেগম বাদী হয়ে মামলা করেছেন। খায়রুজ্জামান ওরফে খাজাকে প্রধান আসামি করে কানাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ ১৫ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ১০-১৫ জনের নামে মামলা হয়েছে। এ ঘটনার পর থেকেই পুলিশের একাধিক টিম হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেপ্তারে অভিযান চালাচ্ছে। ঘটনার পর থেকে আসামিরা গা ঢাকা দিয়েছে। আশা করছি খুব দ্রুত সময়ের মধ্যেই জড়িতদের গ্রেপ্তার করতে পারবো।

## ট্রাক উল্টে বাড়িতে: ঘুমন্ত নারীর মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে বসতবাড়িকে চাপা দিলে ঘুমন্ত অবস্থায় নুরি বেগম নামে এক নারী নিহত হয়েছেন। এসময় সেখানে থাকা তার তিন বছরের নাতি আব্দুল্লাহকে আহত অবস্থায় উদ্ধার করেছেন ফায়ার সার্ভিসের কর্মীরা। গতকাল সোমবার ভোরে লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কের হাতীবান্ধা উপজেলার পাটিকাপাড়া বটতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। পুলিশ জানায়, পাটিকাপাড়া বটতলা এলাকায় মহাসড়কের পাশে একটি ঝুপড়ি ঘরে নুরি বেগম ও তিন বছরের ছেলে আব্দুল্লাহকে রেখে স্ত্রীকে নিয়ে কাজের সন্ধানে ঢাকায় পাড়ি জমিয়েছেন সাগর হোসেন। প্রতিদিনের মতো গত রোববার রাতের খাবার খেয়ে দাদি-নাতি নিজেদের ঘরে ঘুমিয়ে পড়েন। ভোরে একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গিয়ে ওই ঝুপড়ি ঘরটিকে চাপা দেয়। এতে ট্রাকের নিচে চাপা পড়ে আটকে যান দাদি-নাতি। খবর পেয়ে হাতীবান্ধা ফায়ার সার্ভিসের একটি দল গিয়ে দেড় ঘণ্টা চেষ্টা চালিয়ে আব্দুল্লাহকে আহত অবস্থায় উদ্ধার করে। তবে নুরি বেগমকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়। হাতীবান্ধা থানার ওসি মাহমুদুন-নবী ও পাটিকাপাড়া ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান মুজিবুল আলম সাদাত এ তথ্য নিশ্চিত করেছেন।

## বরিশালে রিকশাচালক রমজান হত্যা মামলায় ২ ভাই গ্রেপ্তার

**স্টাফ রিপোর্টার :** বরিশালে রিকশা চালক রমজান মৃধা (৩০) হত্যার ঘটনায় দায়েরকৃত মামলায় প্রধান দুই আসামিকে গ্রেপ্তার করেছে র‍্যাব। গতকাল সোমবার সকালে এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছে র‍্যাব-৮ এর মিডিয়া সেল। এরআগে সহায়তায় ঢাকা জেলার সাভার থানাধীন পূর্ব রাজাশন পুলু মার্কেট এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তাররা হলেন- বরিশাল নগরের কাউনিয়া থানাধীন পলাশপুর এলাকার বাসিন্দা মালেক (৪৫) ও তার ছোট ভাই কাদের (৪০)। নিহতের পরিবারের সদস্যদের বরাতে সংবাদ বিজ্ঞপ্তিতে র‍্যাব জানায়, রিকশাচালক রমজান মৃধা বরিশাল নগরের কাউনিয়া থানাধীন পলাশপুর এলাকার বাসিন্দা। তাকে গত বছরের ২৯ সেপ্টেম্বর সকাল ৭টার দিকে স্থানীয় মামুন নামে এক ব্যক্তি বাসা থেকে ডেকে নিয়ে যায়। এরপর থেকে রমজানের সঙ্গে তার স্বজনদের কারো কোনো যোগাযোগ হয়নি। দুইদিন অতিবাহিত হলেও বাড়িতে না ফেরায় রমজানের স্বজনেরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করতে থাকে। এদিকে ১ অক্টোবর বিকেল সোয়া ৪টার দিকে কাউনিয়া থানাধীন পলাশপুর ৭ নং গুচ্ছগ্রামে ডোবার মধ্যে একজন ব্যক্তির লাশ পাওয়া যায়। পুলিশ লাশটিকে উদ্ধার করে শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়। অপরদিকে উদ্ধার হওয়া মরদহটি মো. রমজান মৃধার বলে পরিবার শনাক্ত করে, পাশাপাশি এ ঘটনায় ৩ অক্টোবর রমজানের মা বেবী বেগম বাদী হয়ে কাউনিয়া থানায় একটি হত্যা মামলা করেন। র‍্যাব জানায়, মামলার তদন্তকারী পুলিশের কর্মকর্তা মামলাটি তদন্ত করে গ্রেপ্তার মালেক ও কাদেরের হত্যাকাণ্ডের ঘটনায় সম্পৃক্ততার বিষয়টি নিশ্চিত করে এবং তাদের গ্রেপ্তারের জন্য অধিনায়ক র‍্যাব-৮ এর কাছে অভিযোপত্র পাঠায়। যার ধারাবাহিকতায় র‍্যাব-৮ এর সদর কোম্পানি ছায়াতদন্ত ও গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করে র‍্যাব-৪ এর সিপিসি-২ এর সহায়তায় ঢাকা জেলার সাভার থানাধীন পূর্ব রাজাশন পুলু মার্কেট এলাকা থেকে মালেক ও কাদেরকে গ্রেপ্তার করে। কাউনিয়া থানার ওসি মো: নাজমুল নিশাত জানান, র‍্যাবের সহযোগিতায় রমজান মৃধা হত্যা মামলার দুই আসামিকে গ্রেপ্তার করে থানায় নিয়ে আসা হয়েছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে, প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে আদালতে পাঠানো হবে। ওসি বলেন, এ নিয়ে এ মামলায় ৬ জনকে গ্রেপ্তার করা হলো। আর সর্বশেষ দুইজনের মধ্যে মালেক এজাহারভুক্ত আসামি, তবে রমজান হত্যার ঘটনার পর মালেক ও তার ভাই কাদের তাদের গোটা পরিবার নিয়ে পালিয়ে যায়।

## কর্মস্থলে যাওয়ার পথে দুর্ঘটনায় ব্যাংক কর্মকর্তার মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** বগুড়ার নন্দীগ্রামে কর্মস্থলে যাওয়ার পথে মোটরসাইকেল ও ভটভটির সংঘর্ষে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। গতকাল সোমবার সকাল সাড়ে ৯টার দিকে নন্দীগ্রাম-দেওগ্রাম সড়কে ভুস্কুর বাজারে এ দুর্ঘটনা ঘটে। নিহত মিজানুর রহমান (৩৮) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কাহালু শাখার সুপারভাইজার পদে কর্মরত ছিলেন। তিনি নন্দীগ্রাম উপজেলার দাড়িয়াপুর গ্রামের মেহেদী হাসানের ছেলে। নন্দীগ্রাম থানার ওসি তারিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, মিজানুর রহমান মোটরসাইকেলে কর্মস্থলে যাচ্ছিলেন। ভুস্কুর বাজারে এলে বিপরীত দিক থেকে আসা শ্যালোইঞ্জিন চালিত ভটভটির সঙ্গে সংঘর্ষ হয়। এতে গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সকাল ১০টায় তিনি মারা যান। তিনি আরও বলেন, লাশ পুলিশ হেফাজতে রয়েছে। ভটভটিটি দুর্ঘটনার পরপর পালিয়ে গেছে।

## রাজধানীতে বাসা থেকে যুবকের লাশ উদ্ধার

**স্টাফ রিপোর্টার :** রাজধানী কদমতলীর মোহাম্মদবাগ মাজারগলি এলাকার একটি বাসা থেকে মো. আবির হোসেন (২৫) নামে এক যুবকের লাশ উদ্ধার করা হয়েছে। গত রোববার রাত দেড়টার দিকে এই ঘটনা ঘটে। নিহত আবিরের মামাতো ভাই সেলিম জানান, আবির তার মায়ের কাছে ৫ হাজার টাকা চেয়েছিল। এ সময় টাকা না দেওয়ায় অভিমান করে আবির রুমের দরজা বন্ধ করে দেয়। এরপর দরজা ভেঙে সিলিং ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় তার লাশ উদ্ধার করা হয়। মায়ের মঙ্গে অভিমান করে সে আত্মহত্যা করেছে বলে ধারণা করা হচ্ছে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের পরিদর্শক মো. ফারুক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, লাশ ঢামেকের জরুরি বিভাগের মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে জানানো হয়েছে।

## পাগলা মসজিদের প্রশাসনিক কর্মকর্তা বরখাস্ত

**স্টাফ রিপোর্টার :** কিশোরগঞ্জের ঐতিহাসিক পাগলা মসজিদের প্রশাসনিক কর্মকর্তা বীর মুক্তিযোদ্ধা শওকত উদ্দিন ভূঁইয়াকে বরখাস্ত (সাসপেন্ড) করা হয়েছে। গত রোববার মসজিদ পরিচালনা কমিটির সভাপতি ও জেলা প্রশাসক ফৌজিয়া খান এ আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন মসজিদ পরিচালনা কমিটির সদস্য সচিব ও কিশোরগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. এরশাদ মিয়া। জানা যায়, পাগলা মসজিদের প্রশাসনিক কর্মকর্তা বীর মুক্তিযোদ্ধা শওকত উদ্দিন ভূঁইয়া বিগত সরকারের আমলে ক্ষমতার অপব্যবহার করে বিভিন্ন অনিয়মে জড়িয়ে পড়েন। মসজিদে কর্মরত কর্মচারীদের সঙ্গে খারাপ আচরণসহ আর্থিক অনিয়মের সঙ্গেও জড়িত ছিলেন তিনি। বিষয়টি নিয়ে বিভিন্ন মহলে আলোচনাও ছিল। কিন্তু কোনো প্রকার ব্যবস্থা নেওয়া হয়নি। বরখাস্তের বিষয়ে প্রশাসনিক কর্মকর্তা শওকত উদ্দিন ভূইয়া বলেন, সকাল ১০টার সময় পাগলা মসজিদ পরিচালনা কমিটির সদস্য সচিব ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. এরশাদ মিয়া মোবাইল ফোনের মাধ্যমে মসজিদে আসতে নিষেধ করেছেন। কী কারণে আমাকে না করা হয়েছে তা আমার জানা নেই। তবে ধারণা করছি, আমি নাকি আওয়ামী লীগের লোক ছিলাম। এমন সন্দেহ থেকে আমাকে মসজিদে আসতে না করা হয়েছে। এর আগে ২০১৫ সালে ইন্টারভিউয়ের মাধ্যমে পাগলা মসজিদের প্রশাসনিক কর্মকর্তা হিসেবে নিয়োগপ্রাপ্ত হন শওকত উদ্দিন ভূইয়া। এর আগে তিনি সরকারি চাকরি থেকে অবসরে যান। পাগলা মসজিদ পরিচালনা কমিটির সদস্য সচিব ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, শওকত উদ্দিন ভূঁইয়ার বিরুদ্ধে সুনির্দিষ্ট কিছু অভিযোগ ছিল। অভিযোগের প্রেক্ষিতে তাকে সাসপেন্ড করা হয়েছে।



# দুই ম্যাচের জন্য নিষিদ্ধ হলেন ভিনি

**স্পোর্টস ডেস্ক :** গত সপ্তাহে ভ্যালেন্সিয়ার বিরুদ্ধে লাল কার্ড খেয়ে লা লিগায় দুই ম্যাচ নিষিদ্ধ হয়েছেন রিয়াল মাদ্রিদ উইঙ্গার ভিনি-সিয়াস জুনিয়র। ব্রাজিলিয়ান এই উইঙ্গার ভ্যালেন্সিয়ার গোলরক্ষক স্টোল দিমিট্রিভস্কিকে পিছন দিক থেকে ঘাড়ে ধাক্কা দেয়ায় ম্যাচের ৭৯ মিনিটে লাল কার্ড পেয়েছেন। আর এই কার্ডে রয়্যাল স্প্যানিশ ফুটবল ফেডারেশন ভিনিকে দুই ম্যাচ নিষিদ্ধ করেছেন। স্প্যানিশ চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদ গত শুক্রবারের ম্যাচটিতে পিছিয়ে থেকে শেষ পর্যন্ত ২-১ ব্যবধানে ভ্যালেন্সিয়াকে পরাজিত লা লিগা টেবিলের শীর্ষে উঠেছে। এই নিষেধাজ্ঞার কারণে ভিনিসিয়াস লাস পালমাস ও রিয়াল ভায়াদোলিদের বিরুদ্ধে আসন্ন দুটি লিগ ম্যাচে খেলতে পারবেন না। তবে এ সপ্তাহে সৌদি আরবে অনুষ্ঠিতব্য স্প্যানিশ সুপার কাপে খেলার সুযোগ পাবেন। আজ বৃহস্পতিবার সুপার কাপের সেমিফাইনালে মায়োর্কার মুখোমুখি হবে মাদ্রিদ।

# কারাবাও কাপ সেমিফাইনালে আর্সেনালকে হারালো নিউক্যাসল



**স্পোর্টস ডেস্ক :** ইংলিশ ফুটবল লিগ কাপ তথা কারাবাও কাপের সেমিফাইনাল প্রথম লেগে জয় পেয়েছে নিউক্যাসল ইউনাইটেড। তারা ২-০ গোলে হারিয়েছে আর্সেনালকে। তাতে ফাইনালের পথে অনেকটাই এগিয়ে থাকল নিউক্যাসল। ফিরতি লেগে ফেব্রুয়ারিতে আবার আর্সেনালের মুখোমুখি হবে তারা। ওই ম্যাচে কোনোক্রমে বড় ব্যবধানের হার এড়াতে পারলেই ২০২২-২০২৩ মৌসুমের পর আবারও ফাইনালে উঠতে পারবে এডি হাউর শিষ্যরা। অবশ্য কারাবাও কাপের ইতিহাসে এর আগে মাত্র দুইবার তারা ফাইনালে উঠেছিল। দুইবারই রানার্স-আপ হয়ে সন্তুষ্ট থাকতে হয়েছে তাদের। অন্যদিকে ৮ বার ফাইনাল খেলে ৬ বারই রানার্স-আপ হয়েছে আর্সেনাল। সবশেষ তারা ১৯৯৩ সালে জিতেছিল কারাবাও কাপের শিরোপা। আর সবশেষ ফাইনাল খেলেছিল ২০১৮ সালে। আর্সেনালের মাঠে ম্যাচের ৩৭ মিনিটে লিড নেয় নিউক্যাসল। এ সময় ফ্রি কিক পায় তারা। ফ্রি কিক থেকে জ্যাকব মারফির বাড়ানো বল পেয়ে বাম পায়ের শটে গোল করেন আলেকজান্ডার ইসাক। বিরতি থেকে ফিরে ৫১ মিনিটে ব্যবধান দ্বিগুণ করে নিউক্যাসল। এ সময় অ্যান্থনি গর্ডন বাম পায়ের শটে গোল করেন। বাকি সময় উভয় দল গোলের জন্য মরিয়া হয়ে খেললেও সেটার দেখা পায়নি। তাতে ২-০ ব্যবধানের জয়ে ফাইনালের পথে এগিয়ে থেকে মাঠ ছাড়ে ম্যাগপাইরা।



# ঢাকা ক্যাপিটালসের উপর আশা রাখতে বললেন মোসাদ্দেক

**স্পোর্টস ডেস্ক :** ঢাকায় তিন ম্যাচে জয়ের দেখা পায়নি শাকিব খানের দল ঢাকা ক্যাপিটালস। ঘুরে দাঁড়ানোর চেষ্টায় সিলেট পর্বে মোসাদ্দেক হোসেনকে ডাকা হয়, ইংল্যান্ড অধিনায়ক জেসন রয়ও যোগ দেন দলে। কিন্তু শেষ পর্যন্ত জয়ের মোমেন্টাম পায়নি ঢাকা। সিলেট আন্তর্জাতিক ক্রিকেট ভেন্যুতে রংপুর রাইডার্সের কাছে ৭ উইকেটে হারে ঢাকা। প্রথমে ব্যাট করতে নেমে মাত্র ১১১ রান সংগ্রহ করে ঢাকা, যা ছিল চলতি আসরের সবচেয়ে কম দলীয় সংগ্রহ। জেসন রয় ১৮ আর মোসাদ্দেকের ব্যাটে থেকে আসে ১২ রান। ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের মুখোমুখি হন মোসাদ্দেক হোসেন। ধারাবাহিক হারের কারণ হিসেবে তিনি 'দল হিসেবে' সবাই মিলে ভালো করতে না পারার কথাই তুলে ধরেন। মোসাদ্দেক আশাবাদী বড় স্কোর করতে পারলে দল ঘুরে দাঁড়াবে। মোসাদ্দেক বলেন, 'প্রথম দিকে হার শুরু হলে একটা ম্যাচ না জেতা পর্যন্ত কামব্যাক করা সম্ভব হয় না। ম্যাচ জেতার জন্য ম্যানেজমেন্ট থেকে শুরু করে খেলোয়াড়, কোচিং স্টাফ সবাই আন্তরিকভাবে চেষ্টা করছে।' সিলেটে প্রথম ম্যাচে ছোট স্কোর হলেও উইকেট নিয়ে অভিযোগ নেই মোসাদ্দেকের। তিনি বলেন, 'প্রথম দুই-তিন ওভার পর্যন্ত মনে হচ্ছিল উইকেটে হয়তো স্লো হবে। কিন্তু সময় যত যাচ্ছিল উইকেট তত ভালো হচ্ছিল। শেষ পর্যন্ত হাই-স্কোরিং হওয়ার মতো উইকেট ছিল। অপ্রত্যাশিতভাবে উপর থেকে ব্যাটিংয়ে ধস নামে, এ কারণে রান বড় করা কঠিন হয়ে গেছে।' মোসাদ্দেক বলেন, 'ভবিষ্যতে আমাদের খেয়াল রাখতে হবে বড় সংগ্রহ করার। অন্যথায় আজকের মতো ১১০-১২ করে জেতা সম্ভব নয়।' ইংলিশ খেলোয়াড় জেসন রয় ম্যাচে ভালো করতে না পারা প্রসঙ্গে মোসাদ্দেক বলেন, 'সে লম্বা জার্নি করে গতকালই এসেছে। এই জার্নির প্রভাবটা থাকতে পারে।

# আল নাসরের সঙ্গে চুক্তি বাড়াতে চান রোনালদো



**স্পোর্টস ডেস্ক :** তিন বছর সৌদি ক্লাব আল নাসরের হয়ে খেলেছেন পর্তুগিজ ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনালদো। এই তিন বছরে নাসরের হয়ে ৮৩ ম্যাচ খেলে করেছেন ৭৪ গোল। করিয়েছেন আরও ১৮টি। এবার কি তাহলে সৌদি পর্বের সমাপ্তি ঘটছে রোনালদোর? আর কি সৌদি আরবের ক্লাব আল নাসরের হয়ে খেলবেন না তিনি? মূলতঃ ২০২৫ সালেই শেষ হয়ে যাবে রোনালদোর সঙ্গে আল নাসরের চুক্তির মেয়াদ। চুক্তি বাড়ানোর বিষয়ে সৌদি ক্লাবটির পক্ষ থেকে কোনো অগ্রগতি দেখা যাচ্ছে না। সুতরাং, ধরেই নেয়া যায় চলতি মৌসুমই সৌদিতে আছেন তিনি। এরপর কী করবেন, সে কথা জানালেন এই পর্তুগিজ ফুটবলার। চুক্তির মেয়াদ শেষ হতে চললেও রোনালদো নিজে আল নাসরকে ছাড়তে চাচ্ছেন না। তিনি চান, চুক্তির মেয়াদ বাড়াতে। এর বড় কারণ, তার পরিবার। স্ত্রী জর্জিনা ও সন্তানদের সৌদি আরবে থাকতে ভাল লাগছে। এ কারণে মরুর দেশটি ছাড়তে চান না সিআর সেভেন। রোনালদো বলেন, 'আমি এখানে খুব খুশি। আমার পরিবারও খুশি। এই সুন্দর দেশে আমরা নতুন করে জীবন শুরু করেছি। তাই এখানেই থাকতে চাই। আমি আল নাসরের হয়েই খেলতে চাই। আশা করছি ক্লাব আমার চুক্তি বাড়াবে।' রোনালদোর আশা, গত তিন বছর তিনি যেভাবে খেলেছেন তাতে সৌদি ক্লাবটি তার চুক্তি বাড়াতে আগ্রহী হবে। সে কারণেই হয়তো নিজের ভবিষ্যৎ ঠিক করে ফেলেছেন পর্তুগালের ফুটবলার। ইংল্যান্ড, স্পেন, ইতালির মতো দেশে খেলার পর সৌদিতে যান রোনালদো। সেখানে ভাল খেললেও আগের মতো সাফল্য নেই। আল নাসরকে এখনও পর্যন্ত একটি শিরোপাও উপহার দিতে পারেননি। যদিও লড়াই ছাড়তে চান না তিনি। রোনালদো বলেন, 'আল হিলাল, আল ইত্তিহাদের মতো দলের বিরুদ্ধে খেলা কঠিন; কিন্তু আমরা লড়াই করছি। হাল ছাড়ছি না। কয়েকটা ফাইনালে হারতে হয়েছে। ভবিষ্যতে জিতব। আমি পেশাদার ফুটবলার। তাই ক্লাবকে সম্মান করি। ক্লাবের হয়ে নিজের সেরাটা দিই। ভবিষ্যতেও দেব। আল নাসেরকে আরও ট্রফি জেতাব।' রোনালদোর কথা থেকে স্পষ্ট, সৌদিতেই ক্যারিয়ার শেষ করতে চান তিনি। যদিও তার এক সময়ের সতীর্থ ওয়েস ব্রাউন মনে করেন, রোনালদোর উচিত আমেরিকার ক্লাবে খেলা। তা হলে আবার লিওনেল মেসির সঙ্গে তার দ্বৈরথ ফুটবলবিশ্ব দেখতে পাবে। ব্রাউন বলেন, 'ক্রিশ্চিয়ানোর উচিত আমেরিকায় যাওয়া। ওখানে মেসি খেলে। ক্রিশ্চিয়ানো এই বয়সেও ভাল খেলছে। ও আমেরিকায় গেলে মেসির সঙ্গে ওর লড়াই আবার দেখা যাবে। আশা করছি এই বিষয়টা ও ভাববে।'

# চ্যাম্পিয়ন্স ট্রফি খেলার ব্যাপারে আশাবাদী ফখর জামান



**স্পোর্টস ডেস্ক :** ঘরের মাঠে আগামী ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া চ্যাম্পিয়ন্স লিগে খেলার ব্যাপারে শতভাগ আত্মবিশ্বাসী মনোভাব পোষন করেছেন ফখর জামান। পাকিস্তান ও দুবাইয়ে আগামী মাসে বহুল প্রতিক্ষীত চ্যাম্পিয়ন্স লিগ অনুষ্ঠিত হতে যাচ্ছে। ৩৪ বছর বয়সী ফখর বলেছেন, 'অবশ্যই শতভাগ নিশ্চিত, আমি আবারো পাকিস্তানের হয়ে মাঠে নামতে যাচ্ছি। সত্যি বলতে কি অনেকেই বিষয়টি জানেনা, টি২০ বিশ্বকাপের পর আমি অসুস্থ হয়ে পড়েছিলাম। শারিরীক অসুস্থতার কারনে ঐ সময় আমি অতটা ফিট ছিলাম না। সে কারণে দলের অংশ হতে পারিনি। কিন্তু এখন আমি পুরোপুরি সুস্থ। সবাই আমাকে সাদা-বলে পাকিস্তানের পরবর্তী সিরিজে দলে দেখতে পাবে। পাকিস্তানের হয়ে সাদা-বলের দলে গুরুত্বপূর্ণ খেলোয়াড় হিসেবে নিজেকে প্রমাণ করেছেন ফখর। কিন্তু গত জুনে যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠিত টি২০ বিশ্বকাপের পর এখন পর্যন্ত আন্তর্জাতিক কোন ম্যাচে অংশ নেননি। বিশ্বকাপের গ্রুপ পর্ব থেকে বিদায় নেয় পাকিস্তান।

## লাইফস্টাইল

# লিভারের স্বাস্থ্য ভালো রাখে যেসব ফল

**লাইফস্টাইল ডেস্ক :** আমাদের শরীরের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঙ্গ হলো লিভার। এই অঙ্গটি খাবার হজমে সাহায্যকারী উৎসেচক তৈরি করে। দেহ থেকে টক্সিন বের করে দেয়। সেই সঙ্গে বিপাকের হারকেও নিয়ন্ত্রণ করে। তাই সুস্থ থাকতে চাইলে এই অঙ্গের স্বাস্থ্য ভালো রাখার বিকল্প নেই। আর সেই কাজে সাফল্য পেতে সবার প্রথমে বাইরের খাবার খাওয়া ছাড়ুন। পাশাপাশি ঘি, মাখন ও অত্যধিক তেল খাওয়া বাদ দিতে হবে। এ গুলো না মানলে লিভারে ফ্যাট জমতে পারে। হতে পারে প্রদাহ। আজকের প্রতিবেদনে পাঁচটি ফল নিয়ে আলোচনা করা হবে, যেগুলো নিয়ম মতো খেলে লিভারের স্বাস্থ্যের পাশাপাশি পুরো শরীর ভালো থাকবে। এ ছাড়া এই অঙ্গকে ঘিরে ধরতে পারবে না ফ্যাটি লিভার, সিরোসিস ও ফাইব্রোসিসের মতো অসুখ। বাতাবি লেবু, লিভারের জন্য অত্যন্ত উপকারী হলো বাতাবি লেবু। এই ফলে রয়েছে ন্যারিনজেনিন ও ন্যারিনজিন নামক দুটি উপাদান। আর এই দুই উপাদান লিভারের কোষকে সুস্থ রাখতে সাহায্য করে। সেই সঙ্গে প্রদাহ কমায়। ফলে বড়সড় রোগের ফাঁদে পড়ার আশঙ্কা কমে। তাই নিয়মিত এই ফল খেতে ভুলবেন না। তবে ভুলেও এই ফলে লবণ ছড়িয়ে খাবেন না। তাতে উপকার তো মিলবেই না, উল্টো শরীরের ক্ষতি হয়ে যাবে। ব্লুবেরি, ব্লুবেরিতে আছে অ্যান্থোসায়ানিনের ভাণ্ডার। আর এই উপাদান লিভারের প্রদাহ কমায়। যার ফলে নানা জটিল অসুখ দূরে থাকে। এর পাশাপাশি নিয়মিত এই ফল খেলে ফ্যাটি লিভারে আক্রান্ত হওয়ার আশঙ্কা কমে। এমনকি যারা ইতোমধ্যেই এই রোগে ভুগছেন, তারাও দ্রুত সুস্থ হয়ে উঠতে পারেন। তাই রোজ ব্লুবেরি খেতে ভুলবেন না। আঙুর? আঙুরে থাকা একাধিক জরুরি উপাদান শরীরের প্রদাহ কমায়, কোষের ক্ষয়ক্ষতি রোধে সাহায্য করে। এর পাশাপাশি এতে মজুদ ভিটামিন ও খনিজের গুণে শরীরে পুষ্টির ঘাটতিও অনায়াসে মিটিয়ে ফেলা যায়। সুতরাং যত দ্রুত সম্ভব এই ফল খাওয়া শুরু করে দিন। তবে ডায়াবেটিস থাকলে আঙুর খাবেন না। এতে শরীরের হাল বিগড়ে যাওয়ার আশঙ্কা বাড়বে। বিটরুট, এই সবজিতে রয়েছে নাইট্রেট। সেই সঙ্গে এতে বিটালেইনস নামক একটি অ্যান্টিঅক্সিডেন্টও পাওয়া যায়। আর এই উপাদান শরীরের অক্সিডেটিভ স্ট্রেস কমায়। যার ফলে কমে যায় প্রদাহ। তাই নিয়মিত বিটের পদ বা এর জুস করে খেলে একাধিক জটিল লিভারের রোগ এড়িয়ে চলা যায়। সুতরাং প্রতিদিনের খাবারে বিটরুটকে জায়গা করে দিন। ?বাদাম, যেকোনো বাদামেই থাকে উপকারী ফ্যাট, অ্যান্টিঅক্সিডেন্ট, ভিটামিন ই এবং অন্যান্য প্ল্যান্ট কম্পাউন্ড। আর এসব উপাদানই লিভারের জন্য সেরার সেরা।



# জেনে নিন মন ভালো করার টিপস

**লাইফস্টাইল ডেস্ক :** কর্মব্যস্ত এই সময়ে পুরুষ ও নারী উভয়ের ক্ষেত্রেই মন খারাপ হয়। আমাদের মন খারাপ হওয়া মানেই কিন্তু মানসিক রোগ না। মন খারাপ হলো সাধারণ আবেগ। বিভিন্ন কারণে আমাদের মন খারাপ হতে পারে। তবে হঠাৎ মন খারাপ হলে তখন কোনো কাজে মন বসতে চায় না, তখন আশপাশের মানুষজনের কথাও ভালো লাগে না। আমরা সবাই কম-বেশি এমন সমস্যায় পড়ি, যখন কিছুই ভালো লাগবে না তখন যা করতে পারেন: * নিয়মিত ব্যায়াম করুন, এটা মনকে সারাদিন সতেজ রাখতে সাহায্য করে * সুষম খাদ্য গ্রহণ, * কোনো বিষয় নিয়ে বেশি উদ্বিগ্ন না হওয়া, * ঠান্ডা মাথায় চিন্তা করে সিদ্ধান্ত নিতে হবে, * উত্তেজনা কোনো বিষয়ে সমাধান বয়ে আনে না, * উল্টো পরিস্থিতি জটিল করে তোলে, * সময় মতো সব কাজ করার অভ্যেস গড়ে তুলতে হবে, * অনেকেই আছেন সারা রাত জেগে কাজ করেন আর সারাদিন ঘুমান। এটা শরীর ও মন দুটোর জন্যই ক্ষতিকর, * ইতিবাচক চিন্তা করুন, জীবনকে সহজ করে দেখুন, * দুশ্চিন্তা এড়িয়ে চলুন, * বন্ধুদের সঙ্গে আড্ডা দিন, * মনে কষ্ট পুষে না রেখে বিশ্বস্ত কারও সঙ্গে শেয়ার করুন, * সময় পেলে পছন্দের কোথাও বেড়াতে যাওয়া যায়, * গান শুনুন, মাছ ধরুন, সাঁতার কাটুন বাধা-ধরা জীবন থেকে বেরিয়ে কিছুক্ষণের জন্য হলেও ভালো লাগার কাজে, নির্মল আনন্দে ডুবে থাকুন, * এত কিছুর পরও যদি মন ভালো না হয়, তবে কাউন্সিলরের পরামর্শ নিন।



# ছুটির দিন জমুক হাঁসের ঝাল খিচুড়ি

**লাইফস্টাইল ডেস্ক :** হোঁসের মাংস ২ কেজি, আদা বাটা ২ টেবিল চামচ, রসুন বাটা ১ টেবিল চামচ, পেঁয়াজ বাটা ১ টেবিল চামচ, কাঁচা মরিচ বাটা ১ চা-চামচ, জিরা গুঁড়া ১ টেবিল চামচ, ধনিয়াগুঁড়া ১ টেবিল চামচ, গোল মরিচ গুঁড়া ১ টেবিল চামচ, শাহি জিরাগুঁড়া ১ টেবিল চামচ, টকদই ২ টেবিল চামচ, লবণ স্বাদমতো। চাল (বাসমতি হলে ভালো) ১ কেজি, ডাল পরিমাণমতো, সরির্ষার তেল ২ টেবিল চামচ, পেঁয়াজ কুচি পরিমাণমতো, এলাচি, দারুচিনি, তেজপাতা, লবঙ্গ, বড় এলাচি, ঘি ৩ টেবিল চামচ, আলুবোখারা ও কেওড়াজল। যেভাবে রাঁধবেন : প্রথমে চাল ও ডাল ভালো করে ধুয়ে অল্প পানিতে ভিজিয়ে রাখুন ১৫ মিনিট। চুলায় অল্প আঁচে একটি হাঁড়ি বসিয়ে তাতে ঘি ঢেলে দিন। এরপর পেঁয়াজ, আস্ত গরম মসলা, মরিচ দিয়ে নাড়তে থাকুন। বাদামি রঙের হলে তাতে ভিজিয়ে রাখা চাল-ডাল দিয়ে ভাজুন, ভাজা হলে গরম পানি দিয়ে দিন পরিমাণমতো। ২০ মিনিট পরে নামিয়ে ফেলুন। হাঁসের ঝাল মাংস রান্না : প্রথমে একটি পাত্রে হাঁসের মাংসের টুকরার সঙ্গে সব বাটা ও গুঁড়া মসলা, টকদই, লবণ মেখে ২ ঘণ্টা মেখে রাখুন। চুলায় অল্প আঁচে হাঁড়িতে সরিষার তেলে পেঁয়াজ ও আস্ত গরম মসলা কয়েক মিনিট ভেজে নিন। হাঁসের টুকরাগুলো দিয়ে কয়েক মিনিট কষান।

অল্প পানি দিয়ে ঢেকে দিন। মাঝেমধ্যে নেড়ে দিন, কড়াইয়ের তলায় যাতে না লাগে। এভাবে সেদ্ধ হওয়া পর্যন্ত রান্না করুন। হাঁস সেদ্ধ হলে তাতে আলুবোখারা, ঘি, কেওড়াজল, বেরেস্তা ও কাঁচা মরিচ দিয়ে ঢেকে ১০ মিনিট দমে রাখুন। চুলা থেকে নামিয়ে টমেটো ও ডিম ও মরিচ দিয়ে সাজিয়ে নিন। ছুটির দিনে পরিবারের সবাইকে নিয়ে গরম ও ঝাল ঝাল মাংসের সাথে পরিবেশন করুন সুস্বাদু খিচুড়ি।

# শীতের সন্ধ্যায় খান ঝাল ঝাল ফিশ কেক

**লাইফস্টাইল ডেস্ক:** বিভিন্ন ফ্লেভারের কেক খেতে পছন্দ করেন কমবেশি সবাই। কারও পছন্দ ভ্যানিলা কেক, কারও আবার চকলেট কেক। তবে কখনো কি মাছের কেক খেয়েছেন? এটি স্বাদে অনন্য। বিশেষ করে শীতের সন্ধ্যায় খেতে পারেন ঝাল ঝাল ফিশ কেক। এটি স্বাস্থ্যের জন্যও যেমন উপকারী, ঠিক তেমনই খেতেও মুখোরোচক। চলুন তবে জেনে নেওয়া যাক কীভাবে তৈরি করবেন মাছের কেক- উপকরণ, ১. পাউরুটি ৭-৮ পিস, ২. টকি মাছের টুকরো ৪-৫টি, ৩. বড় মাপের আলু সেদ্ধ ১টি, ৪. পার্সলে কুঁচি ২ টেবিল চামচ, ৫. পেঁয়াজ কুঁচি আধা কাপ, ৬. দুধ ১ কাপ, ৭. ডিম ৩টি, ৮. গ্রেটেড চিজ আধা কাপ, ৯. রসুন বাটা ২ টেবিল চামচ কোয়া, ১০. মাখন ১ কাপ, ১১. ওরচেস্টার সস ২ চা চামচ, ১২. গোল মরিচ গুঁড়া ১ চা চামচ ও, ১৩. লবণ স্বাদমতো। কাঁচা টমেটো খেলে শরীরে কী ঘটে? শীতে গরম নাকি ঠান্ডা পানি পান করা উচিত? পদ্ধতি, প্রথমে মাছের টুকরো (কাঁটা ছাড়া) লবণ ও ভিনেগার অথবা লেবুর রস দিয়ে মেরিনেট করে ১৫ মিনিট রেখে দিন। একটি পাত্রে পাউরুটির পিসগুলো দুধে ভিজিয়ে রাখুন। অন্য একটি পাত্রে সেদ্ধ আলু খুব ভালো করে চটকে নিন, যাতে কোনো দানা না থাকে। এবার ননস্টিক প্যানে বাটার দিয়ে তাতে রসুন বাটা ও পেঁয়াজ কুঁচি হালকা করে ভেজে মাছের ফিলেগুলো দিয়ে দিন। ২-৩ মিনিট রান্না করার পর লবণ ও ওরচেস্টার সস দিয়ে হালকা ভেজে আলু দিয়ে দিন। খুব ভালো করে মিশিয়ে পার্সলে কুঁচি ও গোল মরিচ গুঁড়া মিশিয়ে দুধে ভিজিয়ে রাখা ব্রেডে ঢেলে দিন। এবার এর মধ্যে কাঁচা ডিম, গ্রেটেড চিজ দিয়ে ভালো করে মিশিয়ে নিন। মাইক্রোওভে প্রুফ বাটিতে বাটার দিয়ে গ্রিজ করে নিন। এবার পুরো ব্যাটার ঢেলে উপরে চিজ ছড়িয়ে দিন। যাদের মাইক্রোওভেন নেই তারা একই পদ্ধতিতে প্রেশার কুকারে বেক করে নিন। মাইক্রোওভেনে মাইক্রো মোডে ৭ মিনিট বেক করুন। সস অথবা কাসুন্দির সঙ্গে পরিবেশন করুন ফিশ কেক।



# শীতে মিষ্টিমুখ করুন বাদামের হালুয়ায়

**লাইফস্টাইল ডেস্ক :** বাদামের হালুয়া, শীত আসতেই ঘরে ঘরে বাহারি পিঠা খাওয়ার ধুম পড়ে গেছে। তবে এ সময় মিষ্টিমুখ করতে চাইলে ঘরে তৈরি করে নিতে পারেন বাদামের হালুয়া। একবার খেলেই মুখে লেগে থাকবে এর স্বাদ। আবার এটি তৈরিও করা যায় ঝটপট। বাদাম কিন্তু স্বাস্থ্যের জন্য উপকারী। এতে থাকে প্রচুর পরিমাণে প্রোটিন, ভিটামিন ই ও অন্যান্য পুষ্টি উপাদান। যা শরীরের জন্য খুবই গুরুত্বপূর্ণ। তাই শুধু স্বাদের জন্যই নয় বরং স্বাস্থ্যেরও খেয়াল রাখবে এই হালুয়া। রইলো বাদামের হালুয়ায় রেসিপি- উপকরণ, ১. বাদাম ১ কাপ (ভেজানো ও খোসা ছাড়ানো), ২. চিনি ১ কাপ, ৩. দুধ আধা কাপ, ৪. ঘি ২-৩ টেবিল চামচ, ৫. এলাচ গুঁড়া ১/৪ চা চামচ ও, ৬. কেশর কয়েকটি। নতুন বছরে সুস্থ থাকতে এখনই করুন ৫ পরীক্ষা, পদ্ধতি, প্রথমে বাদাম ৪-৫ ঘণ্টা পানিতে ভিজিয়ে রাখুন। তারপর খোসা ছাড়িয়ে মিক্সারে পিষে নিন। এবার খুব সূক্ষ্মভাবে পিষে না নিয়ে একটু দানা দানা থাকবে, সেভাবে পিষে নিন। অন্যদিকে একটি নন-স্টিক প্যানে ঘি গরম করুন।

# দিনের শুরুতে খেতে পারেন খেজুর



**লাইফস্টাইল ডেস্ক :** খেজুরে প্রচুর দ্রবণীয় আঁশ থাকে, যা হজম প্রক্রিয়ার জন্য ভালো। কোষ্ঠকাঠিন্য ও পেটের সমস্যা দূর করতে পারে খেজুর। খেজুর হৃৎপিণ্ডের কর্মক্ষমতা বাড়ায়। রক্তপ্রবাহে গতি সঞ্চার করে। ভিটামিন ও খনিজের উৎস এ ফলটি প্রতিদিন খেয়ে কমাতে পারেন কোলেস্টেরলের মাত্রা ও প্রতিরোধ করতে পারেন নানারকম অসুখ-বিসুখ। বিশেষজ্ঞদের মতে, মিষ্টি স্বাদের এ ফলটিতে ফ্যাটের পরিমাণ কম বলে এটি কোলেস্টেরল কমায়। এতে রয়েছে প্রোটিন, ডায়েট্রি ফাইবার, ভিটামিন বি-১, বি-২, বি-৩, বি-৫ ও ভিটামিন এ। গবেষণায় দেখা গেছে, প্রতিদিন মাত্র তিনটি খেজুর খেয়ে বিভিন্ন প্রকার শারীরিক সমস্যা কাটানো সম্ভব। এড়ানো সম্ভব প্রসবকালীন ঝুঁকির মাত্রা। দ্রবণীয় ও অদ্রবণীয় ফাইবার এবং বিভিন্ন প্রকার অ্যামিনো এসিড থাকায় খেজুর হজম প্রক্রিয়া উন্নত করে। প্রাকৃতিক গ্লুকোজ, সুক্রোজ ও ফ্রুক্টোজ রয়েছে বলে এটি এনার্জি বুস্টার হিসেবে পরিচিত। কম ক্যালরিযুক্ত এ ফলটি বিকেলের স্ন্যাকসে ওট ও দুধের সঙ্গে যোগ করতে পারেন।

লোহার উৎকৃষ্ট উৎস বলে যাদের অ্যানিমিয়া রয়েছে তারা নিয়মিত খেজুর খান। ফ্লোরিন সমৃদ্ধ খেজুর দাঁতের ক্ষয়রোধে সহায়ক। শরীর ঝরঝরে রাখতে সারারাত দুধে বিচি ছাড়ানো খেজুর ভিজিয়ে রাখুন। সকালে দুধ সমেত খেজুর মিক্সারে ব্লেন্ড করে নিন। খাওয়ার সময় মধু ও এলাচগুঁড়া ব্যবহার করতে পারেন। যারা ওজন বাড়াতে চান তাদের জন্য বিশেষ উপযোগী একটি খাবার খেজুর। এছাড়া যাদের ডায়াবেটিস ও কিডনিজনিত সমস্যা আছে, তারা বিশেষজ্ঞের পরামর্শ নিয়ে খেজুর খাবেন।